


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

বুধবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৩২ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ০৩ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৪ মে ২০২৩






## জাপানের উদ্দেশ্যে স্পিকারের ঢাকা ত্যাগ



**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী হাউজ অব রিপ্রেজেনটেটিভস অফ জাপানের স্পিকারের আমন্ত্রণে আজ দুপুরে জাপানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন। সফরকালে হাউজ অফ রিপ্রেজেনটেটিভস অব জাপানের স্পিকার, হাউজ অফ কাউন্সিলরস অব জাপানের প্রেসিডেন্ট।

## সরকারি সফরে সৌদি আরব গেলেন সেনাপ্রধান



**নিজস্ব প্রতিবেদক :** কমান্ডার অব রয়াল সৌদি ল্যান্ড ফোর্সেস লে. জেনারেল ফাদ বিন আব্দুল্লাহ আল-মোতাইরের আমন্ত্রণে সরকারি সফরে সৌদি আরব গেলেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। মঙ্গলবার সৌদি আরবের উদ্দেশে সেনাপ্রধান রওনা হয়েছেন বলে আইএসপিআরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

## র‍্যাব ডিজি খুরশিদ হোসেনের চাকরিরর মেয়াদ এক বছর বাড়ল



**নিজস্ব প্রতিবেদক :** র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক (ডিজি) পদে এম খুরশীদ হোসেন আরও এক বছর থাকছেন। গতকাল মঙ্গলবার (২৩ মে) তার চাকরির মেয়াদ বাড়িয়ে প্রজ্ঞাপন জারি করেছে সরকার।

## রাষ্ট্রপতির সঙ্গে বিমান বাহিনী প্রধানের সাক্ষাৎ

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে আজ দুপুরে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল শেখ আব্দুল হান্নান।

রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন বাসসকে জানান, সাক্ষাৎকালে শেখ আব্দুল হান্নান বিমান বাহিনীর উন্নয়নে গৃহীত পদক্ষেপসহ বাহিনীর সার্বিক কর্মকান্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

রাষ্ট্রপতি দেশের সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নে বিমান বাহিনীর ভূমিকার প্রশংসা করেন । বিমান বাহিনীকে আরো এগিয়ে নিতে প্রশিক্ষণ কার্যক্রম বাড়ানোর উপর জোর দেন রাষ্ট্রপতি ও সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক।




প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার কাতার বিশ্ববিদ্যালয়ে কাতার বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক ও সুধীজনের উদ্দেশ্যে বক্তব্য রাখেন।

## শেখ হাসিনাকে যত হত্যার চেষ্টা

**নিজস্ব প্রতিবেদক :** শেখ হাসিনাকে যতবার হত্যাচেষ্টা করা হয়েছিল এসব অনেক ঘটনায় মামলাও হয়নি। এমনকি হামলার পর উল্টো আওয়ামী লীগ নেতাকর্মীদের বিরুদ্ধে মামলার নজিরও আছে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট। স্বামী ও বোন শেখ রেহানাকে নিয়ে জার্মানিতে ছিলেন শেখ হাসিনা। কালরাতে ঘাতকের বুলেট থেকে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই মেয়ে। তারপর চাইলেও দেশে ফিরতে পারেননি। যে দেশের জন্য একটি পরিবার জীবন দিল সেই পরিবারের সদস্যদেরই দেশে ফিরতে দেয়া হলো না। জার্মানি থেকে ভারত এসে ২-এর পাতায় দেখুন

# সায়েন্সল্যাবে পুলিশ-বিএনপির ধাওয়া পাল্টা-ধাওয়া, বিআরটিসি বাসে আগুন

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর সায়েন্সল্যাব এলাকায় পুলিশের সঙ্গে বিএনপি নেতাকর্মীদের দফায় দফায় সংঘর্ষ ও ধাওয়া পাল্টা-ধাওয়ার ঘটনা ঘটেছে। এসময় নেতাকর্মীরা গাড়ি ভাঙচুর করে এবং বিআরটিসির বাসে আগুন ধরিয়ে দেয়।



গতকাল মঙ্গলবার বিকেল ৪টার দিকে বিএনপির কেন্দ্রঘোষিত পদযাত্রা কর্মসূচি পালন করতে গিয়ে পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়ান নেতাকর্মীরা।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিকেল ৪টার কিছু আগে পদযাত্রা নিয়ে নেতাকর্মীরা সিটি কলেজের সামনে পৌঁছালে পুলিশের সঙ্গে সংঘর্ষ শুরু হয়। বিএনপির নির্বাহী কমিটির সদস্য রবিউল ইসলাম বেশ কয়েকজন নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।

মিছিলকারীরা বিআরটিসির বাসে আগুন দিয়ে বেশকিছু গাড়ি ভাঙচুর করে।

# পরিবর্তনের কারিগর হোন

## কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নতুন ও ভবিষ্যতকে আলিঙ্গন করার মানসিকতার নিয়ে পরিবর্তনের কারিগর হওয়ার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য আয়োজিত 'বাংলাদেশ: একটি উন্নয়ন মডেল: শেখ হাসিনার কাছ থেকে শেখা' শীর্ষক অধিবেশনে তিনি বলেন, 'নেতৃত্বের উদাহরণ সৃষ্টি করুন এবং পরিবর্তনের কারিগর হোন।' প্রধানমন্ত্রী কাতার ইকোনমিক ফোরাম-২০২৩-এ যোগদানের জন্য দোহায় তিন দিনের সরকারি সফরে রয়েছেন। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, 'মূল্যবোধের প্রতিনিধিত্ব করুন, আপন দৃষ্টিভঙ্গির প্রতি মনোনিবেশ করুন এবং দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা করুন।' তিনি আরও বলেন, 'আপন লোকজন এবং দলের ওপর বিশ্বাস রাখুন। আপনার মাতৃ চেতনাকে জাগ্রত করুন এবং নতুন ও ভবিষ্যতকে আলিঙ্গন করুন।' শেখ হাসি-না তার দীর্ঘ বক্তৃতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে দেশকে একটি উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশে রূপান্তরের দিকে এগিয়ে যাওয়ার সংগ্রামের সংক্ষিপ্ত বর্ণনা দেন। তিনি বলেন, 'আমরা একটি জ্ঞানভিত্তিক, স্মার্ট বাংলাদেশ গড়তে চাই। স্মার্ট বাংলাদেশে একটি স্মার্ট সরকার, একটি স্মার্ট অর্থনীতি, একটি স্মার্ট জনসংখ্যা, একটি স্মার্ট সমাজ এবং স্মার্ট জনশক্তি থাকবে।' প্রধানমন্ত্রী বলেন, জনগণকে ডিজিটাল ডিভাইস ব্যবহারে দক্ষ করে তোলা হবে যাতে তারা চতুর্থ শিল্প বিপ্লবে অবদান রাখতে পারে। তিনি আরও বলেন, স্মার্ট বাংলাদেশের উদ্দেশ্য হচ্ছে পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প উৎপাদন, ব্যবসা-বাণিজ্যসহ সব ক্ষেত্রে ডিজিটাল ডিভাইস ব্যবহার করা। শেখ হাসিনা বলেন, 'লক্ষ্য অর্জনের জন্য আমরা প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন করছি। সারা দেশে কম্পিউটার প্রশিক্ষণ ও ইনকিউবেশন সেন্টার এবং হাই-টেক পার্ক স্থাপন করা হচ্ছে।' কৃত্রিম বুদ্ধিমত্তায় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, আমাদের সরকার একটি ন্যানো প্রযুক্তি প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য আইন পাস করেছে।

## প্রধানমন্ত্রীর বিরুদ্ধে বিএনপি নেতার উস্কানিমূলক মন্তব্যের নিন্দায় যুক্তরাষ্ট্র

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকায় মার্কিন দূতাবাস গতকাল বলেছে, তারা যে কোনো ধরনের উত্তেজক ভাষা ব্যবহার, ভীতি প্রদর্শন বা সহিংসতার হুমকির নিন্দা জানাচ্ছে। রাজশাহীর এক স্থানীয় বিএনপি নেতা সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে "কবরস্থানে পাঠানোর" হুমকি দিলে, তারই পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্র এই নিন্দা জানায়। মার্কিন দূতাবাসের পাবলিক অ্যাফেয়ার্স প্রধান শন জে. ম্যাকিনটোশ গতকাল বলেন, "মার্কিন দূতাবাস যে কোনো ধরনের উত্তেজক ভাষা, ভীতি প্রদর্শন বা সহিংসতার হুমকির নিন্দা জানাচ্ছে।'

**বঙ্গবন্ধুর জুলিও কুরি পদকপ্রাপ্তির ৫০ বছর**

## বঙ্গবন্ধুর সমগ্র জীবন ছিল শান্তির সাধনায় উৎসর্গকৃত

### ...আব্দুল হাই এমপি



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, স্বাধীনতাযুদ্ধে ঝিনাইদহের প্রথম পাতাকা উত্তোলনকারী, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি বলেছেন, বঙ্গবন্ধুর সমগ্র জীবন ছিল শান্তির সাধনায় উৎসর্গকৃত। ১৯৭৩ সালের ২৩ মে ঢাকা শান্তি সম্মেলনে পদক গ্রহণোত্তর ভাষণে তিনি তাই যথার্থই ঘোষণা করতে পেরেছিলেন যে, তার জীবনের মূলনীতিই হলো শান্তি।

বঙ্গবন্ধুর জুলিও কুরি পদকপ্রাপ্তির ৫০ বছর পূর্তিতে সাংবাদিকদের সঙ্গে একান্ত সাক্ষাৎকারে আব্দুল হাই এমপি আরো বলেন, জীবনব্যাপী আন্দোলন সংগ্রামে বঙ্গবন্ধু শেখ ২-এর পাতায় দেখুন

নাইকো দুর্নীতি

## খালেদা জিয়াসহ ৮ জনের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ শুরু



**নিজস্ব প্রতিবেদক :** আরো একটি দুর্নীতি মামলায় বিচার শুরু হলো বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার। মঙ্গলবার (২৩ মে) আলোচিত নাইকো মামলায় ২-এর পাতায় দেখুন

## ফের করোনা আক্রান্ত মির্জা ফখরুল, হাসপাতালে ভর্তি



**নিজস্ব প্রতিবেদক :** করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (২৩ মে) সকাল ১০টার দিকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন তিনি।




## ঝিনাইদহের পদ্মাকর ইউনিয়নের উন্মুক্ত বাজেট ঘোষনা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের ২০২৩-২৪ অর্থ বছরে নতুন কর আরোপ ছাড়াই ৯৯ লাখ ১৩ হাজার ১'শ ৬১ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস ২-এর পাতায় দেখুন

## সিনিয়র সচিব হলেন মোস্তাফিজুর রহমান



**নিজস্ব প্রতিবেদক :** পদোন্নতি পেয়ে জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব হয়েছেন মো. মোস্তাফিজুর রহমান। তিনি এ বিভাগে সচিব পদে কর্মরত ছিলেন। মঙ্গলবার (২৩ মে) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মোস্তাফিজুর রহমান বিসিএস প্রশাসন ক্যাডারের ১০ম ব্যাচের একজন কর্মকর্তা। ১৯৯১ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে যোগদান করেন তিনি। পরবর্তীতে মাঠ প্রশাসনের সকল স্তরে এবং কেন্দ্রীয় প্রশাসনের গুরুত্বপূর্ণ ২-এর পাতায় দেখুন

# ইবির রেজিস্ট্রার পদের লোভে গোপনে কাঁদা ছোড়াছুড়ি

**রানা আহম্মেদ অভি, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে হঠাৎ রেজিস্ট্রার পদের লোভে পদলোভীদের গোপনে কাঁদা ছোড়াছুড়ি, নকল তথ্য ফাঁ-সসহ বিভিন্ন অভিযোগে অশান্ত হয়ে ওঠেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবন। অভিযোগ ওঠেছে সাবেক পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশনের পরিচালক বর্তমান ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আলী হাসান ও বর্তমান পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশনের পরিচালক ড. নওয়াব আলীসহ গুটি কয়েক কর্মকর্তার কাছে বন্দি বিশ্ববিদ্যালয়। বর্তমানে সকল রেকর্ড সংরক্ষণকারী অনুমোদনপ্রাপ্ত কর্মকর্তা ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও সাবেক পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশনের পরিচালক এইচ এম আলী হাসান সৎ নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছেন বলে দাবি করছেন। অন্যদিকে গোপন ধুম্রজালগুলো ষড়যন্ত্র বলে স্বীকার করেছে দুই কর্মকর্তা। এছাড়া বর্তমান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পদ নিয়ে কাঁদা ছোড়াছুড়ি নিয়ে গোপনে কর্মকর্তাদের মধ্যে আলোচনার তুঙ্গে।



প্রশাসনের বিভিন্ন সূত্রে জানা যায়, আবারো পুর্ননিয়োগ পেয়ে রেজিস্ট্রার হিসেবে ২-এর পাতায় দেখুন



সংবাদ সম্মেলনে ব্রিফ করছেন ঝিনাইদহ পুলিশ সুপার আশিকুর রহমান

## ঝিনাইদহে আন্ত: বিভাগীয় ডাকাত সর্দার ডাকু আলমগীর গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক : আন্ত:বিভাগের ডাকাত সর্দার ডাকু আলমগীরকে গ্রেফতার করেছে ঝিনাইদহ ডিবি পুলিশ। সোমবার রাতে ফরিদপুরের কোতয়ালী থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করে ডিবির সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল। গ্রেফতারকৃত ২-এর পাতায় দেখুন

# ভারতের কাছ থেকে ২০ রেল ইঞ্জিন উপহার পেল বাংলাদেশ

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** ভারতে গড়ে ৮ থেকে ১০ বছর ব্যবহার হওয়া পুরনো রেল ইঞ্জিন (লোকমোটিভ) উপহার হিসেবে নিল বাংলাদেশ। মঙ্গলবার দুই দেশের রেলমন্ত্রীর উপস্থিতিতে এক ভার্চুয়াল অনুষ্ঠানে দর্শনা গেটে ইন্টারচেঞ্জ পয়েন্টে উপহারের ২০টি ব্রডগেজ (বিজি) লোকোমোটিভ হস্তান্তর করা হয়। বিকেলে দর্শনা স্থলবন্দর দিয়ে ইঞ্জিনগুলো বাংলাদেশে প্রবেশ করেছে। রেলের ২০ ইঞ্জিন বুঝে নিয়ে রেলপথ মন্ত্রী নূরুল ইসলাম




বলেন, ওভারত বিনা পয়সার আমাদের ২০টি পুরনো ব্রডগেজে লোকোমোটিভ উপহার দিলেন। ইঞ্জিনগুলো গড়ে ৮ থেকে বছরের পুরনো। এই ইঞ্জিনগুলো দেশের রেলের বহরে যুক্ত হবে ৷ নূরুল ইসলাম সুজন বলেন, ওবঙ্গবন্ধু সরকারের সময় থেকে ভারতের সঙ্গে বাংলাদেশের ভালো সম্পর্ক। বর্তমান সরকারের প্রধানমন্ত্রী ভারত সফরের সময় দুই দেশের ২-এর পাতায় দেখুন

## প্রবাসীর স্ত্রীর সাথে আপত্তিকর অবস্থায় কথিত সৈনিক লীগ নেতা আটক, গণধোলায়ের পর পুলিশে সোপর্দ



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটি ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের ফজলু বিশ্বাসের ছেলে সৈনিক লীগের নেতা পরিচয় দানকারী ফিরোজ হোসেন এক প্রবাসীর স্ত্রীর সাথে আপত্তিকর অবস্থায় আটক হয়েছে। স্থানীয় জনতা তাকে গণধোলায় দিয়ে পুলিশে সোপর্দ করে। সোমবার রাতে এ ঘটনা ঘটে।

জানা যায়, রাঙ্গিয়ারপোতা গ্রামের এক প্রবাসীর স্ত্রীর সাথে ফিরোজ হোসেনের পরকীয়া চলে আসছিলো। সোমবার রাত ১০ টার দিকে ২-এর পাতায় দেখুন

# চুয়াডাঙ্গায় উইকেয়ার প্রকল্পের আওতায় কর্মশালা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গায় গ্রামীণ সড়ক ও গ্রামীণ হাটবাজারের মার্কেট উন্নত ব্যবস্থাপনার লক্ষে উইকেয়ার প্রকল্পের আওতায় এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। উইকেয়ার প্রকল্প পরিচালক মোমিন মজিবুল হক সমাজীর




সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সভায় চীফ কো-অর্ডিনেটর এবিএম নাসিরুল আলম বক্তব্য রাখেন। কর্মশালায় এলজিইডি নির্বাহী প্রকৌশলী জাহাঙ্গীর আলম স্বাগত বক্তব্য রাখেন। এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডুতে অবৈধভাবে মাটি কাটায় দুই জনকে ৫০ হাজার টাকা জরিমানা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে অবৈধভাবে কৃষি জমিতে মাটি কাটার যন্ত্র (ভেকু) দিয়ে মাটি কাটার অপরাধে বকুল শাহা (৫৩) ও রিয়াজ হোসেন(২৩) নামের দুই ব্যক্তিকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। দন্ডিত বকুল শাহা পায়ড়াডাঙ্গা এলাকার মৃত জোয়াদ শাহার ছেলে ও রিয়াজ হোসেন মহিস গাড়ী এলাকার নজরুল ২-এর পাতায় দেখুন

## গাড়ি চাপায় স্কুলছাত্রের মৃত্যুর ঘটনায় চালক গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে গাড়ি চাপায় স্কুলছাত্রের মৃত্যুর ঘটনায় চালককে গ্রেপ্তার করেছে র‍্যাব। সোমবার রাতে যশোরের চৌগাছা উপজেলার আড়কান্দি এলাকা আসামি মিথুনকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাবের পাঠানো প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে জানা গেছে, মৃত তারিফ ঝিনাইদহের স্থানীয় একটি বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র। ২৫ মার্চ ভিকটিম নিজ বাড়ী হতে শিক্ষকের সাথে মোটরসাইকেল যোগে প্রাইভেট পড়ার জন্য বারবাজার উদ্দেশ্যে রওনা হয়। পথিমধ্যে আসামি ঘাতক ট্রাক্টর চালক মিথুন একটি রেজিস্ট্রেশন বিহীন ২-এর পাতায় দেখুন

# স্মার্ট ঝিনাইদহ বিনির্মাণে চ্যালেঞ্জ ও আমাদের করণীয় শীর্ষক ৩য় কর্মশালা




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে স্মার্ট ঝিনাইদহ বিনির্মাণে চ্যালেঞ্জ ও আমাদের করণীয় শীর্ষক ৩য় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ এ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম। এসময় আরো উপস্থিত ছিলেন জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার বীর ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে ভিক্ষুক যাচাই বাছাই কার্যক্রমের উদ্বোধন

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের আওতায় মেহেরপুর শহর সমাজসেবা অফিসের সহযোগিতায় ভিক্ষুক যাচাই বাছাই কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

বুধবার ২৪ মে ২০২৩

# রাস্তায় বেড়া দিয়ে গাছ রোপন গাংনীর সহড়াতলায় ৩০ পরিবার জিম্মি



**মেহেরপুর প্রতিনিধিঃ** রাস্তায় বেড়া দিয়ে গাছ রোপন করায় অন্তত ত্রিশটি পরিবার জিম্মি হয়ে পড়েছে। ব্যবসা-বাণিজ্য ও মাঠের ফসল আনা নেওয়ার করতে পারছেন না ভুক্তভোগী পরিবার। জমি সংক্রান্ত বিরোধের জের ধরে গ্রামের সিরাজুল ইসলাম গং সম্প্রতি রাস্তাটি বন্ধ করে দেয়। রাস্তা বন্ধ করে দেওয়া সিরাজুল ইসলামের দাবি, তিনি দলিল মূলে ওই সম্পত্তির মালিক। অন্যদিকে নজিবুর রহমান গং বলছেন জমিটি তাদের। আদালত তাদের পক্ষে রায় দিলেও পেশি শক্তির বলে সিরাজুল ইসলাম ও তার লোকজন রাস্তাটি বন্ধ করে গাছ রোপণ করেছে। ঘটনাটি ঘটেছে মেহেরপুর জেলার গাংনী উপজেলার শহড়াতলা গ্রামে। গ্রামের নজিবুর রহমান গং জানান, ব্রিটিশ শাসনামলে ১৪৬ শতক জমি বন্দোবস্ত নেন সুরত আলী। ১৯৬২ সালে জলদি আয়নাল হকের নামে ওই জমি রেকর্ডভুক্ত হয়। ১৯৮৪ সালে রেকর্ড সংশোধনী মামলা করা হয় তৎকালীন গাংনী আদালতে কিন্তু বিজ্ঞ আদালত আয়নাল হকের পক্ষে রায় দেন। পরবর্তীতে ১৯৮৯ সালে ওই রায়ের বিরুদ্ধে মেহেরপুর জজ করতে আপিল করেন সুরত আলী গং। ১৯৯৩ সালে বিজ্ঞ আদালত সুরত আলি পক্ষে রায় দেন। উত্তরাধিকার সূত্রে জমির মালিক হন নজিবুর রহমান ও তার ২-এর পাতায় দেখুন

## সিন্ডিকেট করে পেঁয়াজের দাম বাড়াচ্ছে ব্যবসায়ীরা : কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, 'বাংলাদেশের পেঁয়াজের উৎপাদনশীলতা বেশি। স্বাভাবিকভাবেই মানুষের প্রশ্ন, কেন পেঁয়াজের দাম অস্বাভাবিক হয়, পেঁয়াজ নিয়ে নানা রকম রাজনীতি শুরু হয়। ঈদের আগেই পেঁয়াজ ব্যবসায়ীরা নানা রকম ষড়যন্ত্র করে সিন্ডিকেট করে পেঁয়াজের দাম বাড়িয়ে দেয়।'

মঙ্গলবার (২৩ মে ) দুপুরে পাবনার সুজানগর উপজেলার উদয়পুর গ্রামে আধুনিক প্রযুক্তিতে পেঁয়াজ সংরক্ষণ পদ্ধতি পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

কৃষিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নির্দেশ দিয়েছেন- পেঁয়াজ নিয়ে কেন এত সমস্যা সেটি দেখতে। আমরা গত কয়েক বছর ধরে চেষ্টা করছি, কী করে পেঁয়াজের দামটা সবার গ্রহণযোগত্যার মধ্যে রাখা যায়।'

মন্ত্রী বলেন, 'কে বরাদ্দ দিল, না দিল, কে কী হুমকি দিল, চোখ রাঙাল, সেসব দেখে কোনো সিদ্ধান্ত হবে না। সিদ্ধান্ত হবে এই দেশের ১৭ কোটি মানুষের স্বার্থকে বিবেচনা করে। সেইটাই আমাদের পররাষ্ট্রনীতি। তার বাইরে শেখ হাসিনা কোনো সিদ্ধান্ত নেবেন না। সংবিধান অনুযায়ী দেশে নির্বাচন হবে। আমরা সবাই মিলে নির্বাচন কমিশনকে সহযোগিতা করব।'

# কালীগঞ্জে ট্রাক্টর চাপায় স্কুল ছাত্রের মৃত্যু ঘাতক চালক মিথুন র‍্যাবের হাতে গ্রেফতার

**বাদশা ফরহাদ,কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজার এলাকায় ট্রাক্টর চাপায় নবম শ্রেনীর স্কুলছাত্র তরিকুল ইসলাম তাফিফ (১৫) মৃত্যুর ঘটনায় ঘাতক ট্রাক্টর চালক মিথুন (৩০) কে গ্রেফতার করেছে ঝিনাইদহ র‍্যাব-এর একটি দল।




ঝিনাইদহ র‍্যাব ক্যাম্পের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, গত শনিবার বেলা ১০ টার দিকে নবম শ্রেণির ছাত্র তরিকুল ইসলাম তারিফ নিজ বাড়ী হতে তার শিক্ষকের সাথে মোটর সাইকেল যোগে প্রাইভেট পড়ার জন্য বারবাজার উদ্দেশ্যে রওনা হয়। পথিমধ্যে বারোবাজার-বাঘারপাড়া সড়কের শ্মশানঘাট এলাকায় পৌছালে আসামী ঘাতক ট্রাক্টর চালক মিথুন একটি রেজিস্ট্রেশন বিহীন মাটি টানা ট্রাক্টর ট্রলি বেপরোয়াভাবে দ্রুত গতিতে চালিয়ে তারিফ ও তার শিক্ষককে বহন করা মোটর সাইকেলকে সজোরে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে তরিফের মাথা ট্রাক্টরের টলির চাকায় পিষ্ট হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তারিফতে মৃত্যু ঘোষনা করেন। এবং তার ২-এর পাতায় দেখুন

## সাক্ষী দেওয়ায় আলমডাঙ্গায় নারীকে কুপিয়ে হত্যা, অভিযুক্ত আটক

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় অগ্নিকান্ডের ঘটনায় সাক্ষী দেওয়ায় ঈশারণ খাতুন (৫৫) নামে এক নারীকে কুপিয়ে হত্যা করা হয়েছে। মঙ্গলবার ভোরে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী নেওয়ার পথে তার মৃত্যু হয়। এ ঘটনায় অভিযুক্ত প্রতিবেশী জিন্নাহ আলীকে আটক করেছে পুলিশ। নিহত ঈশারন আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নের শিয়ালমারী গ্রামের উত্তরপাড়ার ফজলুর রহমানের স্ত্রী। আর আটক জিন্নাহ একই গ্রামের মৃত শামসুদ্দিন মন্ডলের ছেলে। স্থানীয়রা জানান, গত ১৩ এপ্রিল শিয়ালমারী গ্রামের বানাতখাল মাঠে আগুন লেগে প্রায় ২০০ বিঘা জমির ভুট্টাক্ষেতসহ পানের বরজ পুড়ে যায়। অভিযোগ ওঠে, স্থানীয় চাষি জিন্নাহ আলী তার নিজের ভুট্টা খেতে আগুন দিলে সেই ২-এর পাতায় দেখুন

## মহানবীকে কটূক্তি: সেই টিটু রায়ের ১০ বছর কারাদণ্ড

**নিজস্ব প্রতিবেদক :** রংপুরে সামাজিক যোগাযোগ মাধ্যমে ইসলাম ধর্ম ও মহানবী হযরত মোহাম্মদ (সা.) এর নামে কটূক্তিমূলক স্ট্যাটাস দেওয়ায় ঘটনায় আসামি টিটু রায়কে ১০ দশ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত। একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও পাঁচ মাসের ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে পলিথিন বিক্রয় ও গুদামজাত করার অপরাধে অর্থদন্ড

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা পরিবেশ অধিদপ্তর ও র‍্যাব-৬ এর একটি আভিযানিক দল এর সমন্বয়ে সদর উপজেলার হাটগোপালপুর বাজারে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। গতকাল বিকালে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও এক্সকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ শরিফুল ২-এর পাতায় দেখুন

## প্রধানমন্ত্রীকে বিএনপি নেতার হত্যার হুমকি স্লিপ অব টাং : রিজভী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দিয়ে রাজশাহী জেলা বিএনপির আহ্বায়ক আবু সাঈদ ওরফে চাঁদের বক্তব্যকে 'স্লিপ অব টাং' (মুখ ফসকে বেরিয়ে গেছে) বলে মন্তব্য করেছেন দলের সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী।

গতকাল মঙ্গলবার রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, 'আওয়ামী লীগ প্রধান শেখ হাসিনাকে নিয়ে রাজশাহী জেলা বিএনপির আহ্বায়কের একটি 'স্লিপ অব টাং' নিয়ে তারা উদ্দেশ্যমূলকভাবে অবনতিশীল পরিস্থিতি সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে।

## মেহেরপুর জেলা যুবলীগের বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধিঃ** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রকাশ্যে হত্যার হুমকি দেওয়ার প্রতিবাদে মেহেরপুর জেলা যুবলীগের বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিলটি জেলা প্রশাসক কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভার সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর ইসলাম সহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা। এসময় বক্তারা বলেন, দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে যেকোন পরিস্থিতিতে মেহেরপুর জেলা যুবলীগ সব সময় মাঠে ঢাল হিসেবে উপস্থিত থাকবে। জননেত্রী শেখ হাসিনাকে যারা ২-এর পাতায় দেখুন






## ঝিনাইদহে ৪ কিলোমিটার সড়কে বৃক্ষরোপণের উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার হুদা গোপালপুর থেকে বাজিতপুর সড়কে প্রায় ৪ কিলোমিটার ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়েছে। গতকাল দুপুরে এ বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন নবধারার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এনামুল ২-এর পাতায় দেখুন

## আঙ্গিনা বাগানী থেকে কৃষি উদ্যোক্তা ফরহাদ

**নিজস্ব প্রতিবেদক :** বাড়ির উঠানকে ফলের বাগানে রুপান্তরিত করে বেশ আলোচিত হয়েছেন খন্দকার ফরহাতুল হক (৪০)। প্রতিদিন তার আঙ্গিনা বাগান দেখতে সৌখিন মানুষেরা যাচ্ছেন ও পরামর্শ নিচ্ছেন। তিন বছর আগে গড়ে তোলা আঙ্গিনা বাগান থেকে অভিজ্ঞতা নিয়ে তিনি এখন বাণিজ্যিক চাষ শুরু করেছেন। ফরহাদ ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার পৌর এলাকার বলিদা পাড়ার বাসিন্দা।



ফরহাদ জানান, তিনি একটি প্রাইভেট প্রতিষ্ঠানে চাকরী করতেন। ভালোলাগা থেকে ছুটির দিন গুলোতে বিভিন্ন কৃষি খামার পরিদর্শন করতেন এবং সেখান থেকে চারা সংগ্রহ করতেন। ছুটির দিন ছাড়া তার নিজের পক্ষে গাছের পরিচর্যা করা সম্ভব নয় তাই গ্রামের বাড়িতে কৃষি জমি থাকলেও বাড়ির উঠানকেই তিনি পরীক্ষকামূলক চাষ হিসেবে বেছে নিয়েছেন। তিন ২-এর পাতায় দেখুন



## হরিণাকুণ্ডুতে গ্রামীণ ব্যাংকের উদ্যোগে গাছের চারা বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে গ্রামীণ ব্যাংকের স্থানীয় শাখার উদ্যোগে শতাধিক সদস্যের মাঝে এই চারা বিতরণ করা হয়। প্রতিষ্ঠানটির কেন্দ্রীয় বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে এই চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হরিণাকুণ্ডু পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর আবু আসাদ রুনু। এ সময় ব্যাংকটির স্থানীয় ২-এর পাতায় দেখুন

## কটিয়াদীতে বীর মুক্তিযোদ্ধা ডিআইজি আ:কাহার আকন্দ (অব:) এর কর্মীসভা অনুষ্ঠিত

**আব্দুর রউফ ভূঁইয়া: স্টাফ রিপোর্টার কিশোরগঞ্জ**

সোমবার ২২ মে সকালে কিশোরগঞ্জের কটিয়াদী উপজেলার ধুলদিয়া ইউনিয়নের পূর্ব পুরুরা গ্রামে কটিয়াদী-পাকুন্দিয়া সংসদীয় আসনে বাংলাদেশ আওয়ামী লীগ থেকে মনোনয়ন প্রত্যাশী, বাংলাদেশ পুলিশের সাবেক অতিরিক্ত ডি আই জি বীর মুক্তিযোদ্ধা আব্দুল কাহার আকন্দ (অব:) এর আয়োজনে এক বিশাল কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। বীর মুক্তিযোদ্ধা আবু আহমেদ ধন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত কর্মী সভা সকাল ১০ টা থেকে শুরু হয়ে দুপুর ০২ টা পর্যন্ত চলে। উক্ত কর্মী সভায় কটিয়াদী ও পাকুন্দিয়া উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বীর মুক্তিযোদ্ধা,জন প্রতিনিধি,ও তৃণমূল আওয়ামী লীগের হাজার হাজার নেতাকর্মীরা অংশ গ্রহণে কর্মী সভাটি বিশাল জনসভায় পরিণত হয়। উক্ত বিশাল জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ২-এর পাতায় দেখুন






## বাংলাদেশ মৎসজীবী লীগের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

**গাংনী প্রতিনিধিঃ** গাংনী পৌরসভা মৎস্যজীবী লীগের উদ্যোগে মৎস্যজীবী লীগের ২০তম প্রতিষ্ঠা বার্ষিক পালন করা হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় বাঁশবাড়িয়া বাজারস্থ অস্থায়ী কার্যালয়ে কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক আসাদুল্লাহ আল গালিব, উক্ত অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সিমন ২-এর পাতায় দেখুন

## রাজশাহীতে সব ধরনের পদযাত্রা নিষিদ্ধ

**নিজস্ব প্রতিবেদক :** রাজশাহী মহানগরীতে সব ধরনের পদযাত্রা কর্মসূচি নিষিদ্ধ করেছে পুলিশ। আইনশৃঙ্খলা রক্ষার্থে ও জননিরাপত্তার স্বার্থে পদযাত্রা নিষিদ্ধ করা হয়েছে। গত সোমবার রাতে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) পক্ষ থেকে এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হয়েছে। মঙ্গলবার (২৩ মে) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন রাজশাহী মেট্রোপলিন পুলিশের (আরএমপি) অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) রফিকুল আলম।

এতে বলা হয়েছে, আসন্ন রাজশাহী সিটি করপোরেশন নির্বাচন-২০২৩-এর সিডিউল ঘোষিত হওয়ার পরিপ্রেক্ষিতে রাজশাহী মহানগরীতে আইনশৃঙ্খলা ২-এর পাতায় দেখুন

## মানুষের কাছে 'মানবতার ফেরিওয়ালা' মমতাজ আলী শান্ত

**রশিদুল ইসলাম রিপন, স্টাফ রিপোর্টার :** "মানুষ মানুষের জন্য" এ কথাটির মর্মার্থ বুঝতে হলে মিশতে হবে একজন যুবকের সাথে। একনিষ্ঠ সমাজকর্মী মানবতার ফেরিওয়ালা তিনি নিজেই। এই মানতবতার ফেরিওয়ালা হলেন লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলার কাকিনা চাঁপারতল গ্রামের এক কৃষক পরিবারের সন্তান সমাজসেবক, তরুণ উদ্যোক্তা ও যুবরত্ন মো: মমতাজ আলী শান্ত।



সমাজসেবামূলক কাজে জড়িয়ে অল্প দিনের মধ্যে জনগণের আস্থাভাজন হয়ে উঠেছেন এই যুবক। সামাজিক দিক থেকে সকলের প্রিয় মানুষ তিনি। মানুষের হিয়ার মাঝে অধিকার পৌছে দেয়াই তার বাসনা, মুখে থাকে তার মন ভাল করে দেয়া হাসি। সদা প্রাণোবন্ত হাস্যোজ্জ্বল মানুষ তিনি। হাসি ছাড়া কথা বলেন না কারো সাথে। ঘুম থেকে উঠে ঘুমানোর আগ পর্যন্ত পরোপকারে নিজেকে নিয়োজিত রাখেন এই মানবিক মানুষ। স্বপ্ন তার অসহায় মানুষদের নিয়ে কাজ করার। তিনি সবসময় অসহায় অবহেলিত মানুষের সেবায় নিয়োজিত থাকেন। শুধু তাই নয় যে কোনো সামাজিক সমস্যায় তাকে পাশে পাওয়া যায়। করোনা কালে তিনি মানবতার পরিচয় দিয়েছেন। অসহায় মানুষের ২-এর পাতায় দেখুন




## শৈলকুপায় শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় উপজেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে শিশু কিশোর ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী। মঙ্গলবার দুপুরে শৈলকুপা সরকারি ডিগ্রি কলেজ মাঠে এক দিনব্যাপী শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতা অংশ গ্রহন ২-এর পাতায় দেখুন




## গাংনীতে তিন ট্রলি চালকের জরিমানা

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীর জোড়পুকুর সড়কে ইটভাটায় মাটি বহনের সময় মাটি পড়ে রাস্তা নষ্ট ও জনদূর্ভোগ সৃষ্টি হওয়ায় তিন ট্রলি চালকের ২৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম ও সকারী কমিশনার(ভূমি) নাদির হোসেন শামীম এ জরিমানা আদায় করেন। দণ্ডিতরা হলো, উপজেলার মুন্দা মাঝের গ্রামের জামিরুল ইসলামের ছেলে মাছুম (১৮) কে ১০ হাজার টাকা, চিৎলা গ্রামের রিয়াজুল ইসলামের ছেলে সোহান আলী (১৮) কে ১০ হাজার টাকা ও গাড়াডোব গ্রামের সাইফুল ২-এর পাতায় দেখুন




**সম্পাদকমন্ডলীর সভাপতি :** আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) **সম্পাদক ও প্রকাশক :** আলী কদর পলাশ, **ভারপ্রাপ্ত সম্পাদক :** তানভীর হাসান (জিসান হাই),**ব্যবস্থাপনা সম্পাদক :** আশরাফুল আলম চঞ্চল, **নির্বাহী সম্পাদক :** তুহিন আরণ্য
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫,০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন :** ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# পেঁয়াজের বাজার নিয়ন্ত্রণে দ্রুত পদক্ষেপ জরুরি

অস্থির হয়ে উঠেছে পেঁয়াজের বাজার। এখন ভরা মৌসুমে প্রতি কেজি পেঁয়াজ ৮০ টাকায় বিক্রি হচ্ছে। পেঁয়াজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রভাবে শুধু নিম্নবিত্ত নয়, সমাজের মধ্যবিত্ত শ্রেণির মানুষের নাভিশ্বাস চরমে উঠেছে। সংশ্লিষ্টদের মতে- উৎপাদন ঘাটতি, হাতবদলের কারণে দাম বেড়ে যাওয়া ও আমদানি বন্ধ থাকাসহ নানা কারণে অস্থির হয়ে উঠেছে দেশের পেঁয়াজের বাজার। গত দুই সপ্তাহে পেঁয়াজের দাম বেড়েছে কেজিপ্রতি ২০-২৫ টাকা। ব্যবসায়ীরা বলছেন, প্রতি বছর দেশে যে পরিমাণ পেঁয়াজ উৎপাদন হয় তা দিয়ে চাহিদা মেটে না। চাহিদার একটি বড় অংশ আমদানি করে মেটাতে হয়। কৃষি মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, পেঁয়াজের উৎপাদন গতবারের তুলনায় ২ লাখ টনের মতো কম হয়েছে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের তথ্যানুযায়ী, ভারতে বৃষ্টি হলে বা আমদানি বন্ধ হলে দেশে পেঁয়াজের দাম বেড়ে যায়। এর পেছনে শক্তিশালী সিন্ডিকেট জড়িত। অতি মুনাফালোভী পাইকারি ব্যবসায়ীদের সিন্ডিকেট কৃত্রিম সংকট সৃষ্টি করে মানুষকে জিম্মি করে পণ্যের দাম বাড়ানোর ঘটনা নতুন নয়। টিসিবির হিসাবে গত বছরের তুলনায় বর্তমানে পেঁয়াজের দাম ৭৮ শতাংশ বেশি। দেড় মাস আগে পেঁয়াজের দাম ছিল কেজি ৩০-৪০ টাকা। এখন বিক্রি হচ্ছে ৮০ টাকায়। ফলে দেড় মাসের ব্যবধানে পেঁয়াজের দাম বেড়েছে প্রায় ৯৩ শতাংশ, যা মোটেও কাম্য নয়। দেশে প্রতি বছর পেঁয়াজের চাহিদা ২৬-২৮ লাখ টন। চলতি বছর পেঁয়াজ উৎপাদন হয়েছে ৩৪ লাখ টনের বেশি। কিন্তু উপযুক্ত সংরক্ষণের অভাবে বা প্রাকৃতিক পরিবেশের কারণে ৩০-৩৫ শতাংশ পেঁয়াজ নষ্ট হয়ে যায়। সে হিসাবে প্রকৃত উৎপাদন দাঁড়ায় ২২-২৪ লাখ টন। চাহিদার তুলনায় কম হলেও এ সময়ে পেঁয়াজের তেমন ঘাটতি নেই। তাহলে দুই সপ্তাহের ব্যবধানে প্রতি কেজি পেঁয়াজ কেন ২০-২৫ টাকা বাড়বে? এটা সিন্ডিকেটের কারসাজি ছাড়া কিছুই না। সিন্ডিকেট করে যারা পণ্যের দাম বাড়ায় তাদের দৃষ্টান্তমূলক শাস্তি না হওয়ায় আবারো মাথাচাড়া দিয়ে উঠেছে। কারসাজি করে দাম বাড়াচ্ছে। এতে ভোক্তাদের ওপর চাপ বাড়ছে। পেঁয়াজের বাজার নিয়ন্ত্রণে এখনই নজর দেয়া উচিত। বাজার নিয়ন্ত্রণে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে বিশেষ অভিযান পরিচালনা শুরু করা উচিত এবং এই অভিযান সারা বছর অব্যাহত রাখা দরকার। সর্বোপরি আমরা বলতে চাই, পেঁয়াজসহ নিত্যপণ্যের বাজার অস্থির হলে ভোক্তারা ক্ষতিগ্রস্ত হন। কাজেই নিত্যপণ্যের বাজারের অস্থিরতা দূর করার জন্য সময়মতো পদক্ষেপ নিতে হবে। পেঁয়াজের বাজার নিয়ে দেশবাসীর তিক্ত অভিজ্ঞতা আছে। সামনে কুরবানি ঈদ আসছে, এখনই পেঁয়াজ আমদানি বা প্রয়োজনীয় পদক্ষেপসহ বাজার তদারকি জোরদার করতে হবে। ব্যবসা-বাণিজ্য তথা অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রতি ক্ষেত্রেই সিন্ডিকেটের আস্ফালন লক্ষণীয়। তবে এটা নতুন কিছু নয়, সাংবার্ষিক বিষয়ে পরিণত হয়েছে। রাজনৈতিক ছত্রছায়ায় গড়ে ওঠা এ চক্রটি অত্যন্ত শক্তিশালী ও ধরাছোঁয়ার বাইরেই থেকে যাচ্ছে। এরা ইচ্ছামতো বাজার নিয়ন্ত্রণ করে অন্যায়ভাবে অন্যায্যভাবে বিপুল মুনাফা লুটে নিচ্ছে। আমরা মনে করি, বাজার পরিস্থিতি পাল্টানোর জন্য সবার আগে প্রয়োজন বিক্রেতাদের মানসিকতার পরিবর্তন। ক্রেতাদেরও সজাগ থাকতে হবে। এই পরিবর্তন কবে ঘটবে তার জন্য অপেক্ষা করে নিষ্ক্রিয় বসে থাকলে চলবে না। এর জন্য রাষ্ট্র-সমাজের সচেতন দায়িত্বশীল মহলকে ভূমিকা রাখতে হবে।

## বঙ্গবন্ধুর সমগ্র জীবন ছিল

মুজিব ছিলেন শান্তির অন্বেষণে নিবেদিত। তিনি বলেন, ছাত্রজীবনে তিনি কলকাতায় ভয়াল দাঙ্গার মধ্যে অসহায় বিপদাপন্ন মানুষকে উদ্ধারের জন্য জীবন বাজি রেখে নির্ভয়ে ছুটে গেছেন। নবীন রাজনীতিবিদ হিসেবে বেইজিংয়ে অনুষ্ঠিত প্রথম এশীয় ও প্রশান্ত মহাসাগর অঞ্চলীয় শান্তি সম্মেলনে প্রতিনিধি হিসেবে যোগ দিয়েছেন। ১৯৫৬ সালে বিশ্বশান্তি পরিষদের স্টকহোম সম্মেলনে অংশগ্রহণ করেছেন। বাংলার মানুষের রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তির জন্য এক দশকেরও বেশি সময় জেল খেটেছেন এবং পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পেয়ে লন্ডনে প্রথম সাংবাদিক সম্মেলনেই 'সকলের সাথে বন্ধুত্ব, কারো প্রতি বৈরিতা নয়' শান্তির এই বাণী ঘোষণা করেছেন। শান্তির এই প্রতিপাদ্যই সদ্য স্বাধীন বাংলাদেশের পররাষ্ট্র নীতির মূলমন্ত্র হিসেবে গৃহীত হয়েছে। তিনি সব সময় এশিয়া-আফ্রিকা-ল্যাটিন আমেরিকাসহ সব মুক্তিকামী মানুষদের সমর্থন জুগিয়েছেন এবং অবিচল কণ্ঠে শোষিতের পক্ষে নিজের অবস্থান ব্যক্ত করেছেন। উল্লেখ্য, গতকাল ছিল ঐতিহাসিক ২৩ মে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি পদকপ্রাপ্তির ৫০তম বছর। ১৯৭৩ সালের এই দিনে বঙ্গবন্ধুর হাতে আনুষ্ঠানিকভাবে এই পদক তুলে দেওয়া হয়। একাত্তর সালে এই অবিসংবাদিত নেতার নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়। এর মাত্র দুই বছর পরে বিশ্বশান্তি পরিষদ আনুষ্ঠানিকভাবে বঙ্গবন্ধুকে 'জুলিও কুরি' পদকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান করে।

বিশ্বশান্তি পরিষদের প্রেসিডেন্সিয়াল কমিটির সভায় বিশ্বের ১৪০টি দেশের প্রায় ২০০ সদস্যের উপস্থিতিতে ও ঐকমত্যের ভিত্তিতে বঙ্গবন্ধুর জীবন দর্শন, আর বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়কত্বের প্রেক্ষাপটে বিবেচনায়, বঙ্গবন্ধুকে জুলিও কুরি পদক প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সিদ্ধান্ত অনুযায়ী, বিশ্বশান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর পদক প্রাপক হিসেবে বঙ্গবন্ধুর নাম ঘোষণা করে।

আর পরের বছর ২৩ মে, এশীয় শান্তি সম্মেলনের এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে সেই পদক বঙ্গবন্ধুকে পরিয়ে দেন পরিষদের তৎকালীন সেক্রেটারি জেনারেল রমেশচন্দ্র। সেই অনুষ্ঠানে রমেশচন্দ্র বলেছিলেন, 'বঙ্গবন্ধু শুধু বাংলার নন, তিনি বিশ্বের এবং তিনি বিশ্ববন্ধু।' স্বাধীন বাংলাদেশে কোনো রাষ্ট্রনেতার সেটিই ছিল প্রথম আন্তর্জাতিক পদক লাভ।

বঙ্গবন্ধু এই পদকপ্রাপ্তির আগে কিউবার বিপ্লবী নেতা ফিদেল কাস্ত্রো, ভিয়েতনামের সংগ্রামী নেতা হো চি মিন, চিলির গণ-আন্দোলনের নেতা সালভেদর আলেন্দে, ফিলিস্তিনের জনদরদি নেতা ইয়াসির আরাফাত প্রমুখ এই পদকপ্রাপ্ত হন। মূলত সাম্রাজ্যবাদ ও ফ্যাসিবাদ বিরোধিতা এবং মানবতা ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় যারা অগ্রণী ভূমিকা পালন করেন, তারা এই পদকে ভূষিত হয়ে আসছিলেন। ১৯৫০ সাল থেকে এই পদক প্রদান করা হয়।

## ঝিনাইদহে আন্তঃ বিভাগীয় ডাকাত

আলমগীর হোসেন ফরিদপুরের বোয়ালমারী উপজেলার সুর্যদিয়া গ্রামের আলম শেখের ছেলে।

মঙ্গলবার সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে পুলিশ সুপার আশিকুর রহমান জানান, গত ২১ জানুয়ারি ও পহেলা ফেব্রুয়ারি ঝিনাইদহের ঘোড়ামারা ও পবহাটি এলাকায় দুর্ধষ ডাকাতির ঘটনা ঘটে। এ ঘটনায় থানায় মামলা হলে ৯ জনকে গ্রেফতার করা হলে মূল হোতা আলমগীর শেখ পলাতক ছিলো। সোমবার রাতে তার অবস্থান শনাক্ত করে ফরিদপুরের কোতয়ালী থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। আলমগীর শেখের নামে কুষ্টিয়া, গোপালগঞ্জ, নড়াইল, রাজবাড়ী, ঝিনাইদহসহ দেশের বিভিন্ন জেলায় ২০ টি অধিক মামলা রয়েছে।

## ইবির রেজিস্ট্রার পদের লোভে

বহাল থাকাতে পারে বর্তমান ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ. এম আলী হাসান (আলতাফ)। সর্বদা সব থেকে নিজ অবস্থানে কাজ করে যাচ্ছেন বলে দাবি করেছেন। সূত্র মতে, মাধ্যমিক-উচ্চ মাধ্যমিকে থেকেই ছাত্রলীগের যোগ দিয়েছেন। টানা প্রায় ১০ বছর দিয়েছেন কুষ্টিয়া জেলা ছাত্রলীগের নেতৃত্ব। পরে তিনি যোগদান করে দক্ষিণ পশ্চিমাঞ্চলের সর্ব বৃহৎ শিক্ষাপীঠ ইসলামী বিশ্ববিদ্যালয়ে। বর্তমানে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের অন্তর্ভুক্ত হয়ে কর্মকর্তাদের সর্ববৃহৎ দায়িত্ব পালন করছেন।

জানা যায়, এইচ এম আলী হাসান ২০১৬ সালে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভিন্ন পরিচালক হিসেবে নিয়োগ পান। নিয়োগ লাভের পর ৭০ কোটি টাকার প্রকল্প সুষ্ঠু ও সফলভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করেন এবং রাষ্ট্রের কোষাগারে অতিরিক্ত প্রায় তিন কোটি টাকা জমা প্রদান করেন। ইউজিসির আওতায় বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে সারাদেশের মধ্যে একমাত্র তার নেতৃত্বে ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হয়। যার ফলশ্রুতিতে ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয় থেকে তাকে ইউজিসি ও এ.এম.ই.ডি থেকে অভিনন্দিত করা হয়। বর্তমান বিশ্ববিদ্যালয়ের ৫৩৭ কোটি টাকার প্রকল্পটি এইচ এম আলী হাসানের অক্লান্ত প্রচেষ্টায় ২০১৮ সালে ২৬ শে জুন থেকে এটা অনুমোদিত হয়। প্রকল্পটির উর্ধ্বমুখি সম্প্রসারণের ও বিল্ডিংয়ের কাজ শুরু হয়ে প্রকৌশল অফিসের সহযোগিতায় হলে তার সময় সমাপ্ত হয়। এছাড়া ১ টি ১০ তলা ভবনের টেন্ডার প্রক্রিয়াও প্রকৌশল অফিসের মাধ্যমে সম্পাদন সমাপ্ত হয় আলী হাসানের সময়।

বিভিন্ন সূত্রে জানা যায়, টেন্ডার দরপত্র প্রক্রিয়া প্রকৌশল অফিস কর্তৃক সম্পাদিত হয়। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকালীন থেকে ২০১৮ সাল পর্যন্ত সমস্ত প্রকল্প মিলে মোট অর্থ ব্যয় হয়েছে ৪৩ বছরের ১৭০ কোটি টাকা। অথচ এইচ এম আলী হাসান পরিকল্পনা ও উন্নয়ন বিভিন্ন পরিচালক হওয়ার পর বিভিন্নভাবে সমস্ত রেকর্ড ভেঙে দিয়ে তিনি ৫৩৭ কোটি টাকার মেগা প্রকল্প সরবরাহ থেকে আনতে সক্ষম হন। তার এই ধারাবাহিকতায় বর্তমান অনুষ্ঠিত ও উন্নয়নশীল ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আব্দুস সালাম তার দক্ষতা অভিজ্ঞতা ও সততা বিবেচনায় এনে ২০২২ সালের ৩০ জুন তাকে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব প্রদান করেন। তিনি দীর্ঘদিন পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশনের পরিচালকের দায়িত্বে থাকা অবস্থায় তার বিরুদ্ধে কোন ব্যক্তি, সংস্থা ও কোন প্রতিষ্ঠান কোন অভিযোগ উপস্থাপন করেন নি। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পালনের প্রায় এক বছরের সময়কালে তার বিরুদ্ধে কোন অভিযোগ জমা পারেনি।

তবে সামাজিক যোগাযোগ মাধ্যমে তার মেয়াদের প্রায় ১ বছরকালে তার বিরুদ্ধে ফেক আইডি খুলে নকল ও বানোয়াট মিথ্যা ভিত্তিহীন মনগড়া তথ্য প্রচার করা হয়েছে। তবে তারপরো বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে কাজ করে গিয়েছেন তিনি।

এইচ এম আলী হাসান বলেন, দীর্ঘসময় সফলতার সাথে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ দায়িত্বগুলোতে আছি। এখন পর্যন্ত তেমন কোন অভিযোগ আমার বিরুদ্ধে নেই। আমি আমার সততা দিয়ে কাজ করে যাচ্ছি। সামনের দিনেও আমার বঙ্গনিষ্ঠতার সাথে সৎ ও উপাচার্য মহোদয়ের আদেশে আদিষ্ট হয়ে কাজ করে যাব। আমার বিরুদ্ধে অভিযোগ পেলে তিনি ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া তিনি আরো বলেন, বিভিন্ন মাধ্যমে যা বিশ্ববিদ্যালয় ও আমার বিরুদ্ধে মিথ্যা বানোয়াট তথ্য প্রচার করছে তারা তদন্ত করুক। অনেকে তদন্ত করেছে কিন্তু আমি সৎ থাকায় আমার বিরুদ্ধে তারা তেমন গুরুতর কোন অভিযোগ পায়নি।

গত এক বছর আগে পিডির দায়িত্বে থেকে ভার্টিকুলার এক্সটেনশনসহ সকল দায়িত্ব তিনি বিশ্ববিদ্যালয় প্রশাসন কে বুঝিয়ে দিয়েছে। এছাড়া এই এক বছরের দপ্তরে ভবনসহ সব কাজ বিষয়ে হচ্ছে তা জানা নেই। সেসময় টেন্ডার হয়ে গিয়েছে।

তিনি আরো বলেন, এই হীন স্বার্থ ও চরিতার্থ করার জন্য রেজিস্ট্রার পদলোভী ব্যক্তিরা দীর্ঘ দীর্ঘ পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশনের পরিচালক দায়িত্বে থেকে বিদায় নেওয়ার পূর্বের ন্যায় বর্তমানে তারা আমার সততা ও বিশ্ববিদ্যালয়ের জন্য সফল্য বয়ে আনা দেখে ঈর্ষান্বিত হচ্ছে। তারা আমার পদে এসে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প কোটি কোটি টাকা আত্মসাৎ, একাডেমিক ও প্রশাসনিক কাজগুলো মুখথুবড়ে ফেলতে চাই। সেজন্য এমন ধুম্রজাল ও অপপ্রচার চালাচ্ছে। এছাড়া এই ষড়যন্ত্রের সাথে শুধু কর্মকর্তা না শিক্ষক, কর্মচারী ও পদলোভীরা আছেন বলেন মনে করে তিনি।

## সিনিয়র সচিব হলেন মোস্তাফিজুর

পদে কর্মকাল অতিবাহিত করেন। জননিরাপত্তা বিভাগের আগে ভূমি মন্ত্রণালয়ের সচিব পদে দায়িত্ব পালন করছিলেন মোস্তাফিজুর রহমান।
মোস্তাফিজুর রহমান ১৯৬৪ সালের ২৫ মে খুলনা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর করেন।

## ঝিনাইদহের পদ্মাকর ইউনিয়নের

এ বাজেট ঘোষণা করেন। উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে ইউপি সচিব সোহাগ আলী, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এনজিওটিভি'র জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, হাটগোপালপুর দোকান মালিক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হারুন জোয়াদ্দার, আওয়ামীলীগ নেতা মোশারেফ হোসেন, বাবর আলী, ওয়াজেদ মীর, তালেব বিশ্বাস,কবির বিশ্বাস,মতিয়ার রহমান, কৃষক লীগ নেতা হাফিজুর রহমান তোতা, যুবলীগ নেতা কামিম হোসেন, শিবলু হোসেন, সকল ইউপি সদস্যসহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## ভারতের কাছ থেকে ২০ রেল

প্রধানমন্ত্রীর যৌথ বিবৃতিতে ভারতীয় রেলওয়ে থেকে ২০টি বিজি লোকোমোটিভ অনুদান হিসেবে দেওয়ার বিষয়টি আলোচনা হয়। তার পরিপ্রেক্ষিতেই আজ এই লোকোমোটিভ এলো। বর্তমানে বাংলাদেশ-ভারত ৮টি রুটে সংযুক্ত রয়েছে, এর সঙ্গে এখন যুক্ত হবে আখাউড়া-আগরতলা রুট। ভারতের রেলমন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, “যেসব লোকোমোটিভ দেওয়া হয়েছে, সেগুলো আধুনিক, উচ্চ ক্ষমতাসম্পন্ন, ৩ হাজার ৩০০ হর্সপাওয়ার সম্পন্ন। দুই দেশের প্রধানমন্ত্রী দুই দেশের মধ্যে সম্পর্ক বজায় রেখে নানা বিষয়ে সহযোগিতা করছেন। আমরা দুই দেশের মধ্যে অভিজ্ঞতা বিনিময়সহ নানা বিষয় নিয়ে কাজ করতে পারছি।”

“ঐতিহাসিকভাবে ভারত ও বাংলাদেশে একই ধরনের রেলওয়ে ব্যবস্থা বিদ্যমান এবং তাই এই খাত স্বাভাবিকভাবেই একে অপরের পরিপূরক” উল্লেখ করে তিনি বলেন, “ভারতের কাছ থেকে বন্ধুত্বের প্রতীক হিসেবে এই ২০টি বিজি লোকো হস্তান্তর বাংলাদেশের জনগণের জন্য রেল ভ্রমণকে সহজ করে স্বাচ্ছন্দ্য এনে দেবে। বাংলাদেশকে এই লোকোগুলোর অনুদান প্রবৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে সম্পদ ও দক্ষতা বিনিময়ের একটি চমৎকার উদাহরণ।”

শ্র বৈষ্ণব আরো বলেন, “বহুমুখী সংযোগ বৃদ্ধি করা দুই দেশের সরকারের জন্য অগ্রাধিকার ছিল এবং বিশেষ করে রেলওয়ে, উভয় দেশের অর্থনীতির পাশাপাশি সমগ্র উপ-অঞ্চলকে রূপান্তরিত করার ক্ষমতা রাখে। তিনি উল্লেখ করেন, সাম্প্রতিক বছরগুলোতে ভারত-বাংলাদেশ সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে এবং কার্যকর ও পরিবেশ-বান্ধব উন্নয়নের লক্ষ্যে রেলওয়ে যোগাযোগের আরো প্রবৃদ্ধি করা একটি মূল চালিকাশক্তি হিসেবে পারস্পরিকভাবে স্বীকৃত হয়েছে।

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার শ্রী প্রণয় ভার্মা ঢাকার রেল ভবন থেকে ভার্চুয়ালি এই অনুষ্ঠানে যোগদান করেন এবং ভারতে নিযুক্ত বাংলাদেশি হাই কমিশনার মো. মুস্তাফিজুর রহমান দিল্লির রেল ভবন থেকে ভার্চুয়ালি এই অনুষ্ঠানে যোগ দেন। এই অনুষ্ঠানে ভারতীয় রেলওয়ে, বাংলাদেশ রেলওয়ে এবং বাংলাদেশের রেলপথ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ২০২০ সালে ভারত থেকে ১০টি ব্রডগেজ লোকোমোটিভ অনুদান হিসেবে আসে। বর্তমানে সেগুলো বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন রুটে চলাচল করছে। গত বছরের ১ জুন নয়াদিলি-র রেলভবনে বাংলাদেশ ও ভারতের রেলমন্ত্রীর মধ্যকার এক সভায় বাংলাদেশ রেলওয়েকে ২০টি বিজি লোকোমোটিভ অনুদান হিসেবে দেওয়ার বিষয়ে অনুরোধ জানানো হয়। সেই বছর সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরের সময় দুই দেশের প্রধানমন্ত্রীর যৌথ বিবৃতিতে ভারতীয় রেলওয়ে থেকে ২০টি বিজি লোকোমোটিভ অনুদান হিসেবে দেওয়ার বিষয়টি উল্লেখ করা হয়। চলতি বছরের ২৫ এপ্রিল দুই দেশের রেলওয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়।

## প্রবাসীর স্ত্রীর সাথে আপত্তিকর

ওই নারীর ঘরে ঢুকে অনৈতিক কাজে লিপ্ত হয়। স্থানীয়রা টের পেয়ে তাকে আটক করে। রাঙ্গিয়ারপোতা গ্রামের শাহজালাল নামের এক ব্যক্তি জানান, ফিরোজের গতিবিধি সন্দেহ জনক মনে হলে রাতে গ্রামের কিছু যুবক ছেলেরা তাকে অনুসরণ করেন। রাত আনুমানিক দশটার দিকে ওই নারীর স্ত্রীর ঘরে প্রবেশ করলে যুবকরা ফিরোজকে আটক করে গণধোলায় দেয়। পরে পুলিশে সোপর্দ করে। ফিরোজ হোসেন এর আগেও অসামাজিক কাজ করেছে বলেও জানান তিনি। ডাকবাংলা পুলিশ ফাড়ির আইসি জাকারিয়া বলেন, সোমবার রাতে গ্রামের লোক জন ওদেরকে অনৈতিক কর্মকান্ডের সময় হাতেনাতে আটক করে আমাদের কাছে সোপর্দ করেন। পরে আমরা মঙ্গলবার সকালে ঝিনাইদহ সদর থানায় পাঠিয়ে দিয়েছি।

## চুয়াডাঙ্গায় উইকেয়ার প্রকল্পের

আরাফাত রহমান. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কবির হোসেন, সদর উপজেলা নির্বাহী অফিসার শামিম ভুইয়া, সরকারি কর্মকর্তাবৃন্দ ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

কর্মশালায় জানানো হয়, চুয়াডাঙ্গা জেলার চার উপজেলায় উইকেয়ার প্রকল্পের মাধ্যমে ৮৫ দশমিক ৮৭৩ কিলোমিটার গ্রামীণ সড়ক নির্মাণ এবং সাতটি মার্কেট উন্নয়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। উইকেয়ার প্রকল্প ১ম ধাপে চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা ও যশোর জেলায় কার্যক্রম পরিচালনা করছে। ২য় ধাপে সাতক্ষীরা ও মেহেরপুর জেলা এবং ৩য় ধাপে কুষ্টিয়া, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ১০ বছর মেয়াদী এ প্রকল্প কার্যক্রম চলমান থাকবে। এ প্রকল্পের আওতায় ২৬০ কিলোমিটার সড়ক ৬ লেনে উন্নীত করা হবে। একাজ সড়ক ও জনপথ বিভাগ করবে এবং গ্রামীণ সড়ক এলজিইডি করবে। এ প্রকল্পে ২ হাজার ১০৮ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে।

কর্মশালায় জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, উইকেয়ার প্রকল্পের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নে কাজ হবে। পদ্মা সেতুর কারণে দূরবর্তী জেলাকে কিভাবে সফল করে তোলা যায়। চুয়াডাঙ্গা কৃষি ও প্রাণিসম্পদে ভরপুর একটি জেলা। উইকেয়ার ছোট ছোট কাজ করছে। গ্রোথ সেন্টারের মাধ্যমে কৃষিকাজের ফসল বিক্রি করা হচ্ছে। খামারীরা ন্যায্য মূল্য পায়। জনগণের সংখ্যা বেড়ে বেড়ে গেছে। হাটবাজারের অপ্রতুলতা আছে। মুবিববর্ষে ৬৯৫ টি ভূমিহীন পরিবারকে জমি ও বাড়ি নির্মাণ করে দেয়া হয়েছে। তাদেরকে স্বালম্বি করতে চায়। উইকেয়ারের সাথে সম্পৃক্ত করতে চায়। সবাই উইকেয়ারের সাথে আছে। ভালো কিছু করতে যাচ্ছে।

## মেহেরপুরে ভিক্ষুক যাচাই

পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের আওতায় ভিক্ষুক যাচাই বাছাই কার্যক্রমের উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম ভিক্ষুক যাচাই বাছাই কর্মসূচির উদ্বোধন করেন। অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসের সভাপতিত্বে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের আওতায় ভিক্ষুক যাচাই বাছাই কার্যক্রম অনুষ্ঠানে অন্যদের মধ্যে জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডঃ ইয়ারুল ইসলাম, সদর উপজেলা ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, ভাইস চেয়ারম্যান লতিফন নেছা লতা, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা, বাড়াদী ইউনিয়নের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমান, আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন, ইন্সপেক্টর বজলুর রহমান, জেলা সমাজসেবা অধিদপ্তরে রেজিস্ট্রেশন অফিসার কাজী মোহাম্মদ আবুল মুনসুর, শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল আহমেদ,সদর উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আনিসুর রহমান, পৌর কাউন্সিলর আব্দুর রহিম, আব্দুল্লাহ আল বাপ্পী, রোকসানা কামাল রুনু, জোসনা খাতুন, শারমিন সুলতানা, ইউপি সদস্য সালমা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন। মেহেরপুর পৌর এলাকা এবং সদর উপজেলার বিভিন্ন গ্রামের দেড় শতাধিক ভিক্ষুক যাচাই-বাছাই অংশগ্রহণ করে।

## স্মার্ট ঝিনাইদহ বিনির্মাণে চ্যালেঞ্জ

মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম.রায়হানসহ প্রশাসনের কর্মকর্তাগণ।

## গাড়ি চাপায় স্কুলছাত্রের মৃত্যুর

ট্রাক্টর ট্রলি বেপরোয়াভাবে দ্রুত গতিতে চালিয়ে ভিকটিম ও তার শিক্ষককে বহন করা মোটর সাইকেলকে ধাক্কা দিলে রাস্তায় ছিটকে পড়ে তারিফ। এ সময়ে ট্রলির চাকা তার মাথার উপর দিয়ে চলে যায়। স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় তারিফকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে সেখানকার চিকিৎসক তারিফকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় মৃতের মামা বাদী হয়ে থানায় মামলা দায়ের করেন। এ ঘটনার পর থেকে ট্রাক্টর চালক মিথুন যশোরসহ বিভিন্ন জেলায় আত্মগোপনে থাকে। পরবর্তীতে র‍্যাব তথ্য প্রযুক্তি ব্যবহার করে তার অবস্থান নিশ্চিত হয়। এরই ধারাবাহিকতায় সোমবার রাতে র‍্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের আভিযানিক দল যশোরের চৌগাছা উপজেলার আড়কান্দি এলাকায় অভিযান পরিচালনা করে পলাতক আসামি মিথুনকে গ্রেপ্তার করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে ঘটনার সাতে সম্পৃক্ততার কথা স্বীকার করেছে। পরবর্তী তাকে কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়।

## হরিণাকুন্ডুতে অবৈধভাবে মাটি

ইসলামের ছেলে। মঙ্গলবার দুপুরে উপজেলার কাপাশাটিয়া ইউনিয়ন এর পায়ড়াডাঙ্গা গ্রামের মাটে অভিযান চালিয়ে এ জরিমানা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) তানভীর হোসেন।

এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) তানভীর হোসেন বলেন, কাপাশাটীয়া ইউনিয়নের পায়রাডাঙ্গা গ্রামের মাঠে ফসলি জমি থেকে অবৈধভাবে মাটি পরিবহন ও উত্তোলনের খবর পেয়ে সেখানে অভিযান চালানো হয়। অভিযানে রিয়াজ হোসেন ও বকুল শাহা নামের দুই ব্যক্তিকে মাটি কাটার অপরাধে বালু মহাল ও মাটি ব্যবস্থা আইন-২০১০ এর ১৫ (১) ধারায় দুই ব্যক্তিকে সর্বমোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।কৃষি জমিতে যেন কেউই অবৈধভাবে মাটি কাটতে না পারে সেজন্য এ অভিযান অব্যাহত থাকবে বলে তিনি গণমাধ্যমকর্মীদের কাছে আশাবাদ ব্যক্ত করেন।

## ঝিনাইদহে ৪ কিলোমিটার

হক। সেসময় উপস্থিত ছিলেন নবধারার ব্যবস্থাপনা পরিচালক মোঃ তারিকুল ইসলাম রুমান, সদস্য মোঃ রোকনুজ্জামান রোকন, সাবেক চেয়ারম্যান আমিনুল ইসলাম ঝেজি, বীর মুক্তিযোদ্ধা ফশিয়ার বিশ্বাসসহ অন্যান্যরা।

নবধারার ব্যবস্থাপনা পরিচালক রুমান বলেন , সবুজ বনায়ন করার লক্ষ্যে প্রায় দশ হাজার ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা লাগানোর উদ্যোগ নিয়েছি।

## মেহেরপুর জেলা যুবলীগের

প্রকাশ্যে হত্যা করার হুমকি যারা দেয় তারা কোন সময় দেশের ভালো চায় না। বিএনপির কোন ষড়যন্ত্র করার চেষ্টা করলে যুবলীগ কখনো থেমে থাকবে না।

## ঝিনাইদহে পলিথিন বিক্রয়

হক । এসময় নিষিদ্ধ ঘোষিত এবং পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিন বিক্রয় ও গুদামজাত করার অপরাধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন ১৯৯৫ এর ১৫(১)(৪)(ক) ধারা মোতাবেক মেসার্স মঞ্জুরুল পি,পি,আর এর প্রতিষ্টানের মালিক লাবনী আক্তার(২৫)কে ৩৫ হাজার(পয়ত্রিশ হাজার) টাকা অর্থদন্ড প্রদান করা হয়। সেসময় উপস্থিত ছিলেন জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক শ্রীরূপ মজুমদার,জুনিয়র কেমিষ্ট মোঃ মুন্তাছির রহমান,ও র‍্যাব-৬ এর একটি আভিযানিক দল।পরে জব্দকৃত ১৬০ কেজি পলিথিন উদ্ধার পূর্বক ধংস করা হয়। জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক জানান, ভ্রাম্যমান আদালত কর্তৃক জরিমানাকৃত অর্থ বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

## আঙ্গিনা বাগানী থেকে কৃষি

বছর আগে গড়ে তোলা আঙ্গিনা বাগানে বিভিন্ন জাতের আম বিশেষ করে লেট ভ্যারাইটি যেমন গৌড় মতি, রেড তাইওয়ান, গ্রীণ তাইওয়ান, ব্যানানা ম্যাংগো, বারি-৪ ইত্যাদি সহ লিচু, লংগান, মাল্টা, পেয়ারা রয়েছে।

চাকুরী ছেড়ে ফরহাদ এখন ব্যবসা করছেন এবং আঙ্গিনা বাগান থেকে উদ্বুদ্ধ হয়ে তিনি গ্রামের বাড়িতে কৃষি প্রজেক্ট গড়ে তুলেছেন। তার প্রজেক্টে বিভিন্ন জাতের আম, ড্রাগন ও আঙ্গুর চাষ রয়েছে।

ফরহাদের আঙ্গিনা বাগান নিয়ে কথা হয় রাজশাহীর কৃষিতে জাতীয় পুরস্কারপ্রাপ্ত কৃষি উদ্যোক্তা মনিরুজ্জামান মনিরের সাথে তিনি ফরহাদের এ ধরনের উদ্যোগকে স্বাগত জানান। তিনি আরও বলেন যারা উদ্যোক্তা হতে চাচ্ছেন তারা ফরহাদ সাহেবের মতো বাড়ির আঙ্গিনায় পরীক্ষামূলক চাষ করে পরে মাঠে বাণিজ্যিক চাষে গেলে সফল হওয়ার সম্ভাবনা বেশি থাকে। মনির ফরহাদের কৃষি প্রজেক্টের বাণিজ্যিক সফলতা কামনা করেছেন।

## হরিণাকুণ্ডুতে গ্রামীণ ব্যাংকের

শাখা ব্যবস্থাপক রফিকুল ইসলাম, সংবাদকর্মী হাবিবুর রহমান রুবেল, আশরাফুল আলম প্রমূখ উপস্থিত ছিলেন।

স্থানীয় গ্রামীণ ব্যাংকের শাখা ব্যবস্থাপক রফিকুল ইসলাম জানান, কেন্দ্রীয়ভাবে সারাদেশে প্রতিবছর বৃক্ষরোপণ কর্মসূচী পালন করা হয়। এই কর্মসূচির অংশ হিসেবে এবার বছরজুড়ে হরিণাকুণ্ডু উপজেলায় সদস্যদের মাঝে ৫০ হাজার গাছের চারা বিতরণ করা হবে।

## কটিয়াদীতে বীর মুক্তিযোদ্ধা ডিআইজি

থেকে বক্তব্য প্রদান করেন কিশোরগঞ্জ -২ কটিয়াদী-পাকুন্দিয়া সংসদীয় আসনে বাংলাদেশ আওয়ামী লীগ থেকে মনোনয়ন প্রত্যাশী বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ পুলিশের সাবেক অতিরিক্ত ডিআইজি আব্দুল কাহার আকন্দ পি পি এম (বার)বি পি এম (বার)। উক্ত জনসভায় উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন পাকুন্দিয়া উপজেলার এগারসিন্দুর ইউনিয়নের মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা দুলাল মিয়া, কটিয়াদী উপজেলার লোহাজুরি ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, পাকুন্দিয়া উপজেলার বুরুদদিয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোস্তফা কামাল, কটিয়াদী উপজেলার ২ নং সহশ্রাম ধুলদিয়া ইউনিয়ন পরিষদের বার বার নির্বাচিত চেয়ারম্যান আবুল কাশেম আকন্দ, বনগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাইফুল্লাহ জামান সরকার, কিশোরগঞ্জ জেলা ছাত্রলীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি লুৎফর রহমান রানা, ধুলদিয়া ইউনিয়নের ২ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মোঃ আব্দুল আওয়াল, বনগ্রাম ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আব্দুল কাইয়ুম আকন্দ, বনগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ওমর ফারুক, এগার সিন্দুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, বুরুদদিয়া ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি দেলোয়ার হোসেন, হোসেন্দী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, মসূয়া ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি মোঃ টুটুল, করগাও ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাবেক সভাপতি কামাল হোসেন প্রমুখ। উক্ত জনসভায় প্রধান অতিথি সভায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, বাংলাদেশ আওয়ামী লীগের তৃণমূল পর্যায়ের নেতাকর্মী, সাধারণ জনগণের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা ও সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নৈতিক আদর্শ, এবং বর্তমান সরকার প্রধান বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ও জাতির কল্যাণে গৃহীত ও বাস্তবাযি?ত বিভিন্ন উন্নয়ন চিত্র তুলে ধরেন ।জনসমাবেসের প্রধান অতিথি তার বক্তব্যে বলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে বুকে ধারণ করে বর্তমান সরকারের এই উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে সকলকে কাঁদে কাঁদ মিলিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষে কাজ করার আহ্বান জানান। সভায় প্রধান অতিথি তার বক্তব্যে আরও বলেন আমি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে বুকে ধারণ করে মহান মুক্তিযুদ্ধে অংশ করেছিলাম, একজন বীর মুক্তিযোদ্ধা হিসাবে আমার অতিত কর্মজীবনে দেশ ও জাতির কল্যাণে নিবেদিত ভাবে কাজ করে এসেছি। আমি মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ কে বুকে ধারণ করে বর্তমান সরকারের গৃহীত উন্নয়নমূলক কর্মকাণ্ড কে এগিয়ে নিতে কটিয়াদী-পাকুন্দিয়া বাসীর সেবক হিসেবে কাজ করতে চাই। প্রধান অতিথির এই বক্তব্যের সময় অনুষ্ঠানে উপস্থিত হাজার হাজার নেতাকর্মীরা প্রধান অতিথিকে করতালির মাধ্যমে জয়বাংলা জয় বঙ্গবন্ধু শ্লোগান দিয়ে স্বাগতম জানায়। উক্ত জনসভা শেষে সড়ক দুর্ঘটনায় নিহত সদ্য প্রয়াত বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মরহুম তৌহিদুল ইসলাম বকুলের স্মরণে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বনগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাইফুল্লাহ জামান সরকার ও ২ নং সহশ্রাম ধুলদিয়া ইউনিয়ন যুবলীগের সাবেক আহ্বায়ক মোঃ দিদার আকন্দ।

## শৈলকুপায় শিশু-কিশোর ক্রীড়া

করেন,হেতামপুর মাধ্যমিক বিদ্যালয়, বেণীপুর মাধ্যমিক বিদ্যালয়, শৈলকুপা সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়,অচিন্ত্যপুর মাধ্যমিক বিদ্যালয়সহ উপজেলা বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা। এসময় উপস্থিত ছিলেন, ক্রীড়া সংগঠক সাধন কুমারসহ সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ক্রীড়া শিক্ষক গন।

## মানুষের কাছে 'মানবতার ফেরিওয়ালা'

মাঝে খাদ্য সামগ্রী পৌছে দিয়েছেন। সম্প্রতি লালমনিরহাটের কাকিনা চাঁপারতল এলাকার অসহায় এক বৃদ্ধ ভিক্ষুকের ঘর নির্মাণ করে দিয়ে মানবতার বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন তিনি। যা সমাজের মানুষের জন্য অনুকরণীয় হয়ে থাকবে।

তিনি নি:স্বার্থ ভাবে গরিব অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। একটি সুন্দর সমাজ বিনির্মানে কাজ করছে। নিজ অর্থায়নে মসজিদ- মন্দির, ধর্মিয় শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন কাজে নিজেকে নিয়োজিত রেখেছেন।

মমতাজ আলী শান্ত বলেন, ইসলাম একটি পরিপূর্ণ জীবনবিধান। ইসলামের সঙ্গে চলতে হলে ইসলামে দেখানো প্রতিটি বিষয় মেনে চলতে হয়। মানবসেবার জন্য মসজিদ-মাদ্রাসা, রাস্তাঘাট ও বাঁধ নির্মাণসহ নানা জনকল্যাণ মুলক কাজ করাও বিশেষ সাওয়াবের কাজ।

একটি সুন্দর কাজ সম্পাদন করতে দরকার ভালো মানসিকতার। মানুষের সেবা করেই আমি আত্মতৃপ্তি পাই। অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে পারলে আমার আত্মতৃপ্তি। মানুষের উপকার করতে পারলে নিজের কাছে অনেক ভালো লাগে। তাই নিজেকে আর্তমানবতার সেবায় নিয়োজিত রেখেছি। এটাই আমার কর্মময় জীবন। এভাবেই সারাজীবন জনগণের সেবা করে পাশে থাকতে চাই।

## রাজশাহীতে সব ধরনের পদযাত্রা

পরিস্থিতি স্বাভাবিক রাখা জরুরি। এমন পরিস্থিতিতে অননুমোদিত যেকোনো ধরনের পদযাত্রায় মহানগরীতে আইনশৃঙ্খলার অবনতির আশঙ্কা থাকে। তাই আইনশৃঙ্খলা রক্ষার্থে ও জননিরাপত্তা প্রতিবিধানে ২৩ মে থেকে রাজশাহী মহানগরী আইন, ১৯৯২-এর ধারা-৩০ মোতাবেক আরএমপির পুলিশ কমিশনার সব ধরনের পদযাত্রা কর্মসূচি নিষিদ্ধ ঘোষণা করেছেন।

এদিকে রাজশাহী নগরীর আইনশৃঙ্খলা পরিস্থিত স্বাভাবিক রাখতে নগরীর গুরুত্বপূর্ণ মোড়ে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বিশেষ করে নগরীর সাহেববাজার, গোরহাঙ্গা রেলগেট মোড়ে পুলিশ সদস্যদের দেখা গেছে। এছাড়া বেলা ১১টার পর নগরীর কল্পনার মোড়ে বেরিকেড দেয় পুলিশ।

আরএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) রফিকুল আলম বলেন, রাসিক নির্বাচন ও বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার পরিপ্রেক্ষিতে নগরীতে আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখা জরুরি। এহেন পরিস্থিতিতে অননুমোদিত যেকোনো ধরনের পদযাত্রায় আইনশৃঙ্খলার অবনতি হতে পারে। তাই সব ধরনের পদযাত্রা কর্মসূচি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

## বাংলাদেশ মৎসজীবী লীগের

আলী গাংনী উপজেলা ছাত্রলীগ নেতা। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রহিদুল ইসলাম, গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর ও প্যানেল মেয়র মিজানুর রহমান মদন, গাংনী উপজেলা মৎস্যজীবী লীগের সাধারণ সম্পাদক খলিলুর রহমান গাংনী পৌর মৎসজীবী লীগের সভাপতি আলমগীর হোসেন, সহ-সভাপতি আনিস,সাংগঠনিক সম্পাদক আব্দুল জব্বার, বন ও পরিবেশ হাসিব আলী।

## গাংনীতে তিন ট্রলি

ইসলামের ছেলে শাকিল হাসান (১৯) কে পাঁচ হাজার টাকা জরিমানা করে। ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, মেহেরপুর-কুষ্টিয়া সড়কের জোড়পুকুর দিয়ে বিভিন্ন তিনটি মাটি বহন করা হচ্ছে। ওই মাঠ থেকে মাটি কেটে ট্রলি করে মাটি পৌঁছে দেয়া হচ্ছিল ইটভাটায়। মাটি বহনের সময় রাস্তার উপর পড়ে রাস্তা নষ্ট হচ্ছিল। সেই সাথে পথচারীরা ভোগান্তিতে পড়েন। বিভিন্ন জনের অভিযোগের প্রেক্ষিতে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করেন এবং দোষি সাব্যস্ত হওয়ায় তিনজন ট্রলি চালককে ২৫ হাজার টাকা জরিমানা করেন। ইট প্রস্তুত ও ভাটা স্থাপন আইন ২০২৩ এর ৫(খ) ও ১৫(১) ধারায় এ জরিমানা আদায় করা হয়েছে বলে জানিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের হাকিম নাদির হোসেন শামীম।

## রাস্তায় বেড়া দিয়ে গাছ রোপন

লোকজন। এদিকে এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করেন আয়নাল হক গং। বর্তমানে আদালতে মামলাটি চলমান। তবুও প্রতিপক্ষ আয়নাল হক গংয়ের লোকজন সুরত আলী পক্ষের লোকজনকে নানাভাবে হুমকি দিয়ে আসছেন। অন্যদিকে স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে নজিবুর রহমানের সাথে দ্বন্দ্বের জের ধরে তারই ভাই সিরাজুল ইসলাম আয়নাল হক গংয়ের কাছ থেকে ওই বিরোধপূর্ণ জমি ক্রয় করেন। জমি কেনার পর থেকে সিরাজুল ইসলাম গং নীরব থাকলেও হঠাৎ করে কয়েকদিন আগে নজিবুর রহমান গ্রুপের লোকজনের চলাচলের পথে বেড়া দিয়ে মেহগনি গাছ রোপন করেন। অবরুদ্ধ হয়ে পড়ে ওই পথে চলাচল কারী ও অন্তত ত্রিশটি পরিবার। স্থানীয়রা জানান, জমি নিয়ে মামলা চলমান অথচ ৩০টি পরিবারের চলাচলের পথ বন্ধ করে দেয়াটা উচিত নয়। এতে করে চলাচল দুঃসাধ্য হয়ে পড়েছে। ব্যবসা-বাণিজ্যে দেখা দিয়েছে স্থবিরতা। মাঠের ফসল তারা ঘরে তুলতে পারছেন না। শতবর্ষের পুরাতন এই রাস্তাটি বন্ধ হয়ে যাওয়ায় গ্রামের লোকজনও ওই পথ দিয়ে মাঠে চলাচল করতে পারছেন না। এদিকে সিরাজুল ইসলাম জানান, তিনি ক্রয় সূত্রে জমির মালিক। জমির আদালতের রায় দিলেও আমরা দখল নেই নি। সম্প্রতি নজিবুর গ্রুপের লোকজন জমির প্রকৃত মালিক যার কাছ থেকে জমি ক্রয় করা হয়েছে তাদের নামে মামলা না করে তার নামে মামলা করেছে। এজন্য রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে এবং গাছ রোপন করা হয়েছে। নজিবুর গ্রুপের লোকজন অনুরোধ করলে রাস্তাটি খুলে দেয়া হবে বলেও জানালেন তিনি। স্থানীয় লোকজন জানান, বিরোধপূর্ণ জমি নিয়ে এখন পারিবারিক দ্বন্দ্বে রূপ নিয়েছে এর সমাধান একমাত্র তারাই করতে পারে। স্থানীয়রা আরো জানান, এ জমি নিয়ে গ্রাম ও শহর সবখানেই আলোচনা ও উভয়পক্ষকে নিয়ে সমাধানের চেষ্টা করা হয়েছে কিন্তু উভয়পক্ষ শালিস মানতে নারাজ। উভয় পক্ষই জমির মালিক নিজে বলে দাবি করায় এবং ছাড় দেওয়ার মন মানসিকতা না থাকায় সমাধান করা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে গ্রামের লোকজন ও অন্যান্যরা সরকারের সংশ্লিষ্ট বিভাগের হস্তক্ষেপ কামনা করেছেন।

## কালীগঞ্জে ট্রাক্টর চাপায় স্কুল ছাত্রের

শিক্ষককের অবস্থা গুরুত্বর হওয়ায় যশোর মেডিকেল কলেজে হাসপাতালে রেফার্ড করেন। নিহত স্কুল ছাত্র কালীগঞ্জ উপজেলার বারোবাজার ইউনিয়নের সুবর্ণাসরা গ্রামের মৃত মিন্টু বিশ্বাসের ছেলে ও মাঝদিয়া সুবর্ণাসারা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী। এ ঘটনায় তারিফের মামা বাদী হয়ে কালীগঞ্জ থানায় একটি মামলা দায়ের করেন। ঘটনার পর থেকেই ঘাতক ট্রাক্টর চালক মিথুন আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর চোখ ফাঁকি দিয়ে যশোরসহ বিভিন্ন জেলায় পালিয়ে বেড়ায়। এরপর ঝিনাইদহ ক্যাম্পের একটি দল আত্মগোপনে থাকা হত্যাকারী মিথুনকে গ্রেফতারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে এবং গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করে। পরবর্তীতে র‍্যাব তথ্য প্রযুক্তির ব্যবহার ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে আসামীর অবস্থান নিশ্চিত করে। এরই ধারাবাহিকতায় মঙ্গলবার ঝিনাইদহ ক্যাম্পের ঐ দলটি যশোর জেলার চৌগাছা উপজেলা আড়কান্দি এলাকায় অভিযান চালিয়ে আত্মগোপনে পলাতক আসামী-মিথুনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে উক্ত ঘটনার সাথে জড়িত থাকার কথা স্বীকার করে। গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে।

## সাক্ষী দেওয়ায় আলমডাঙ্গায় নারীকে

আগুন ছড়িয়ে পড়ে এ ক্ষতি হয়। যার সাক্ষী দেন ঈশারণ খাতুন। এতে জিন্নাহকে ২ লাখ টাকা জরিমানাও করা হয়। ধারণা করা হচ্ছে, জরিমানার ঘটনার জের ধরে সোমবার রাত ১০টার দিকে ঈশারণকে নিজ বাড়ির সামনে এলোপাতাড়ি কুপিয়ে জখম করা হয়। তাকে আহতাবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া নেওয়ার পরামর্শ দেন। শারীরিক অবস্থা আরও অবনতি হলে রাজশাহী নেওয়ার পথে মঙ্গলবার ভোরে তার মৃত্যু হয়। আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, অভিযুক্ত জিন্নাহকে আটক করা হয়েছে। মরদেহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

## মহানবীকে কটূক্তি: সেই টিটু রায়ের

কারাদণ্ডের আদেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৩ মে) দুপুরে রংপুর সাইবার ট্রাইব্যুনাল আদালতের বিচারক ড. আবদুল মজিদ এই রায় প্রদান করেছেন। রায় ঘোষণার সময় অভিযুক্ত টিটু রায় আদালতে উপস্থিত ছিলেন।

## খালেদা জিয়াসহ ৮ জনের

ঢাকার বিশেষ জজ আদালতে বেগম জিয়াসহ আটজনের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ শুরু হয়। এদিকে নাইকো দুর্নীতি মামলায় বিচার শুরুর আদেশ বাতিল চেয়ে বিএনপি নেত্রীর আবেদন শুনানির জন্য আগামী মঙ্গলবার (৩০ মে) ধার্য করেছেন আদালত। তবে নিম্ন আদালতে এ মামলার সাক্ষ্যগ্রহণে কোন বাধা নেই বলে জানিয়েছে হাইকোর্ট। বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আমিনুল ইসলামের হাইকোর্ট বেঞ্চে তার আবেদনটি দাখিল করা হয়। এর আগে গত ১৭ মে নাইকো দুর্নীতি মামলায় অভিযোগ গঠনের আদেশ বাতিল চেয়ে হাইকোর্টে আবেদন করেন বেগম খালেদা জিয়া। এ মামলায় বেগম জিয়াসহ আসামিদের বিরুদ্ধে অভিযোগ, ক্ষমতার অপব্যবহার করে তিনটি গ্যাসক্ষেত্র পরিত্যক্ত দেখিয়ে কানাডার কোম্পানি নাইকোর হাতে তুলে দেয়া হয়। এতে রাষ্ট্রের প্রায় ১৩ হাজার ৭৭৭ কোটি টাকার ক্ষতি হয়। ২০০৭ সালে বিএনপি চেয়ারপারসনসহ ৫ জনের বিরুদ্ধে মামলাটি করে দুদক। পরের বছর ১১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেয় সংস্থাটি। বেগম জিয়াসহ কয়েকজন আসামির আবেদনে প্রায় ১৫ বছর স্থগিত থাকে মামলার কার্যক্রম।

## শেখ হাসিনাকে যত হত্যার চেষ্টা

আশ্রয় নেন বঙ্গবন্ধুর দুই মেয়ে। ছয় বছর পর ১৯৮১ সালের ১৭ মে দেশে ফেরেন তাঁরা। এদিকে পঁচাত্তরের ঘাতকেরা সক্রিয় হয়ে ওঠে। ১৫ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্পর্শ করতে না পারা বুলেট পিছু নেয়। দেশে ফেরার পর বাবার মতো তাঁকেও হত্যার চেষ্টা হয়েছে একের পর এক।

হুসেইন মুহম্মদ এরশাদ রাষ্ট্রপতি থাকাকালে দুটি, ১৯৯১ থেকে ’৯৬ সাল পর্যন্ত বিএনপি সরকারের আমলে চারটি, ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকাকালে চারটি, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপি-জামায়াত সরকারের আমলে চারটি, সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের আমলে একটি এবং আওয়ামী লীগের বর্তমান আমলে চারটি এবং সর্বশেষ গত শুক্রবার রাজশাহীর পুঠিয়ার শিবপুর উচ্চ বিদ্যালয় মাঠে বিএনপির সমাবেশ থেকে প্রধানমন্ত্রীকে হুমকি দেন রাজশাহী জেলা বিএনপির আহ্বায়ক আবু সাঈদ চাঁদ।

১৯৮১ সালের ১৭ মে দেশে ফেরার পর থেকেই স্বাধীনতাবিরোধী প্রতিক্রিয়াশীল গোষ্ঠী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যা করতে সক্রিয় হয়ে ওঠে। সে বছরই তার ওপর হামলা চালায় বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনিদের সংগঠন ফ্রিডম পার্টির সন্ত্রাসীরা। ২৪ জানুয়ারি ১৯৮৮: লালদীঘি ময়দানে ৮-দলীয় জোটের সমাবেশে যোগ দিতে চট্টগ্রাম বিমানবন্দর থেকে যাওয়ার পথে ট্রাক-মিছিলে সশস্ত্র হামলার শিকার হন শেখ হাসিনা। এতে সাতজন নিহত হন। পরদিন জাতীয় দৈনিকের প্রতিবেদনে বলা হয়, শেখ হাসিনাকে হত্যা করতে গুলি করেছিল পুলিশ ও বিডিআর। ১১ আগস্ট ১৯৮৯: আবারও বঙ্গবন্ধুর খুনি ফারুক-রশিদের ফ্রিডম পার্টির সশস্ত্র সন্ত্রাসীদের হামলা। শেখ হাসিনা ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে আছেন নিশ্চিত হয়ে রাত ১২টার দিকে ৭-৮ মিনিট ধরে গুলি চালায় সন্ত্রাসীরা। একটি গ্রেনেড নিক্ষেপ করলেও তা বিস্ফোরিত হয়নি।

১১ সেপ্টেম্বর ১৯৯১: গ্রিনরোডে একটি কেন্দ্রে ভোটের পরিস্থিতি দেখতে যান শেখ হাসিনা। গাড়ি থেকে নামার সঙ্গে সঙ্গেই ২০-২৫ রাউন্ড গুলি ও বোমাবর্ষণ করা হয়। দৈনিক ইত্তেফাকে লেখা হয়, বিএনপির ওয়াহিদের নেতৃত্বে দলটির কর্মীরা এ হামলা চালিয়েছিল।

২৩ সেপ্টেম্বর ১৯৯৪: ঈশ্বরদী ও নাটোর রেলস্টেশনের প্রবেশমুখে শেখ হাসি-নাকে বহনকারী রেলগাড়ি লক্ষ্য করে গুলি ছোড়ে সন্ত্রাসীরা।

১৯৯৫ সালের ৭ ডিসেম্বর রাসেল স্কয়ারের কাছে সমাবেশে ভাষণ দেয়ার সময় শেখ হাসিনার ওপর গুলিবর্ষণ করা হয়।

১৯৯৬ সালের ৭ মার্চ: সন্ধ্যার কিছুক্ষণ আগে আওয়ামী লীগের সমাবেশে শেখ হাসিনা বক্তৃতা শেষ করেছেন মাত্র। হঠাৎ একটি মাইক্রোবাস থেকে সভামঞ্চ লক্ষ্য করে গুলিবর্ষণ ও বোমা নিক্ষেপ করা হয়। এতে ২০ জন আহত হন।

২০ জুলাই ২০০০: গোপালগঞ্জের কোটালীপাড়ায় শেখ লুৎফর রহমান ডিগ্রি কলেজ মাঠে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভার প্রস্তুতি চলছে। হেলিপ্যাডের কাছে ৭৬ কেজি ওজনের বোমা ধরা পড়ে গোয়েন্দাদের কাছে।

৩০ মে ২০০১: খুলনার রূপসা সেতুর ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার পরিকল্পনা করে হুজি-বি। তিনদিন আগে সেতুর কাছাকাছি রূপসা নদী থেকে দুটি ইঞ্জিনের নৌকা থেকে ১৫ জঙ্গি ধরা পড়লে সেটি আর সফল হয়নি। ২৫ সেপ্টেম্বর ২০০১: তত্ত্বাবধায়ক সরকারের সময় সিলেটে নির্বাচনী জনসভায় শেখ হাসিনাকে হুজি-বি বোমা ফাটিয়ে মারার পরিকল্পনা করে। সভাস্থলের ৫০০ গজ দূরে একটি বাড়িতে বোমা বিস্ফোরিত হয়ে জঙ্গিদের দুজন নিহত হলে সেই চক্রান্ত ভেস্তে যায়। ৪ মার্চ ২০০২: যুবদল ক্যাডার খালিদ বিন হেদায়েত নওগাঁয় বিএমসি সরকারি মহিলা কলেজের সামনে জাতীয় সংসদে বিরোধী দলের তৎকালীন নেতা শেখ হাসিনার গাড়িবহরে হামলা চালায়।

৩০ সেপ্টেম্বর ২০০২: ২০০২ সালের ২৬ আগস্ট কলারোয়ার হিজলদীতে মুক্তিযোদ্ধা আতিয়ার রহমানের স্ত্রী ইউনিয়ন আওয়ামী লীগের এক নেত্রী ধর্ষণের শিকার হয়ে সাতক্ষীরা হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। ৩০ আগস্ট বিরোধীদলীয় নেতা শেখ হাসিনা খুলনা সফরের সময় এ খবর পেয়ে তাকে দেখতে সাতক্ষীরা যান। সাতক্ষীরার কলারোয়ায় রাস্তায় ব্যারিকেড দিয়ে শেখ হাসিনার ওপর হামলা চালানো হয়। বিভিন্ন পত্রপত্রিকার প্রতিবেদনে বলা হয়, ক্ষমতাসীন জোটের এমপির প্রত্যক্ষ মদতে শেখ হাসিনার গাড়িবহরে হামলা চালায় বিএনপি-জামায়াত জোট সন্ত্রাসীরা। ২ এপ্রিল ২০০৪: আবারও বিএনপি-জামায়াত জোটের সন্ত্রাসীদের হামলা। বরিশালের গৌরনদীতে শেখ হাসিনার গাড়িবহরে গুলিবর্ষণ করা হয়। ২০০৪ সালের ২১ আগস্ট: শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে চালানো সবচেয়ে বড় হামলায় ২৪ জন নিহত ও কমপক্ষে ৪০০ জন আহত হন।

১৯৯৯ সালের ১২ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের ৩১ জনকে হত্যার জন্য পুরস্কার ঘোষণার একটি ই-মেইল ফাঁস হয়। ই-মেইলটি পাঠানো ইন্টার এশিয়া টিভির মালিক শোয়েব চৌধুরীর বিরুদ্ধে ঢাকার সিএমএম আদালতে মামলা করা হয়।

# হরিণাকুণ্ডুতে ইজিবাইক চালকের উপর হামলার ঘটনায় মামলা নিয়ে পাল্টাপাল্টি অবস্থান: মুল হোতারা ধরাছোঁয়ার বাইরে

**হরিণাকুণ্ডু (ঝিনাইদহ):** গত ৬ মে দুপুরে ঝিনাইদহের হরিনাকুণ্ডুর রিশখালী গ্রামের ইজিবাইক চালক মাজেদ আলীকে (৩৮) কুপিয়ে আহত করেন দুর্বৃত্তরা। তৈলটুপি সাধুহাটি সড়কের পারদখলপুর মাঠের মাঝখানের সড়কের ওপর এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ঐ ঘটনায় জড়িত কাউকে চিনতে না পারলেও ঘটনার ৫ দিন পর ১১ মে তারিখে মাজেদ আলীর স্ত্রী সোনিয়া খাতুন একই এলাকার পাচ জনকে আসামী করে একটি মামলা করেন। ঐ মামলার আসামিরা হলেন রিশখালী গ্রামের শামিম মালিথা, বছির উদ্দীন (নটো), শাহিনুর আলম ও কেষ্টপুর গ্রামের সোহাগ আলী এবং ফারুক হোসেন।

গত ৬ মে, শনিবার দুপুরে সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি ভিডিও ছড়িয়ে পড়ে। সেখানে দেখা যায়, আহত মাজেদ আলী হরিণাকুণ্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় সাংবাদিকদের ঘটনার বর্ননা করছেন। ঐ একই ভিডিওতে হামলাকারীদের কাউকে চিনতে পারেননি বলে তাকে বলতে দেখা গেছে। হামলাকারীদের একজনের এক হাতের একটি আঙুল কাটা আছে বলেও তিনি জানান।

থানায় মামলা হওয়ার পর থেকেই এ ঘটনা নিয়ে পক্ষে বিপক্ষে শুরু হয় আলোচনা-সমালোচনা। একটি মহলের ধারনা, আসামিদের না চেনার পরেও শুধুমাত্র হয়রানি করার উদ্দেশ্যে একটি মহলের ইন্ধনে ঐ ৫ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। আসামি ৫ জন বর্তমান ইউপি চেয়ারম্যানের কাছের লোক হওয়ার কারনে চেয়ারম্যানকে বেকায়দায় ফেলতেই মুলত প্রতিপক্ষ ঘটনাকে ভিন্ন খাতে প্রবাহিত করতে চাইছে। এর পেছনে সাবেক ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলীসহ সান্দর চেয়ারম্যানের হাত রয়েছে। ছান্দার চেয়ারম্যানের ভাতিজা সব জায়গায় বিষয়টা নিয়ে লড়ছেন বলে জানা যায়। একাধিক ইউপি সদস্য বলছেন, আমরা যতদুর জানি আসামী ৫ জনের কারোরই হাতের কোন আঙুল কাটা নেই। কেবলমাত্র হয়রানি করার উদ্দেশ্য মামলা করতে গিয়ে মুল আসামিদের আড়াল করা হচ্ছে। তবে একাধিক নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, মাজেদ আলীর সাথে জমিজমা নিয়ে তার মামার সাথে বিরোধ চলছে। এ ঘটনার জেরেও তার উপর হামলা হতে পারে।

তবে এজাহারভুক্ত আসামিদের গ্রেপ্তার করে দ্রুত আইনের আওতায় আনার জন্য সংবাদ সম্মেলন করেছেন মাজেদ আলী ও তার পরিবার। গত ২০ মে তারিখে ঝিনাইদহ প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে বর্তমান ইউপি চেয়ারম্যান আবুল কালামের বিরুদ্ধে মামলার তুলে নেওয়ার জন্য বাদীকে হুমকি দেওয়ার অভিযোগ তোলা হয়।

ভুক্তভোগী মাজেদ আলী বলেন, আমি হাসপাতালে থাকার সময় কি বলেছিলাম তা আমার মনে নেই। তবে যাদের নামে মামলা করা হয়েছে তারাই আমার উপর হামলা করেছিলো। ইউপি চেয়ারম্যান আবুল কালাম ঘটনার পরদিন আমাকে হুমকি দিয়ে মামলা তুলে নিতে বলে।

ঘটনার ৫ দিন পর মামলা হলেও পরদিনই কেন আপনাকে মামলা তুলে নিতে বললো- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বিষয়টা আমার জানা নেই। তবে তার মামার সাথে জমি নিয়ে বিরোধের কথা তিনি স্বীকার করেছেন।

এদিকে দৌলতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ বলেন, ভুক্তভোগী মাজেদ আলীর একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। ওখানে তিনি বলেছেন, তিনি কাউকে চিনতে পারেননি। এরপর তার স্ত্রী ৫ জনের বিরুদ্ধে মামলা করেন। আমি বিষয়টা নিয়ে কথা বলার জন্য তাকে ফোন দিয়েছিলাম যাতে নিরপরাধ কেউ হয়রানির শিকার না হয়। প্রকৃত অপরাধীরা আইনের আওতায় আসুক এটা আমি চাই। এ বিষয়ে সে আমার নিকটে কোন সাহায্য চাইলে আমি সেটা করব। হুমকি দেওয়ার বিষয়টি মিথ্যা। আমার প্রতিপক্ষরা বিষয়টি ভিন্নখাতে প্রবাহিত করতে চাইছে।

এমন ঘটনায় হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু আজিফ জানান, বিষয়টি তদন্তাধীন রয়েছে। অপরাধী যেই হোক জড়িতদের খুব দ্রুত আইনের আওতায় আনা হবে। মাজেদের মামার সাথে জমি জমা নিয়ে বিরোধ আছে বলে আমরা জানতে পেরেছি।



# গাংনীতে মাটি ফেলে চলাচল বিঘ্ন ঘটানোর অপরাধে জরিমানা

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী-ধানখোলা সড়কে ইটভাটায় মাটি বহনকারী গাড়ি থেকে মাটি ফেলে চলাচল বিঘ্ন ঘটানোর অপরাধে এক ট্রলি (মালামাল বহনকারী গাড়ি) চালকের ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। সোমবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এ জরিমানা করেন। ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়,ইটভাটার জন্য মাটি কেটে (ট্রেলি) গাড়ীযাগে গাংনী-ধানখোলা সড়ক দিয়ে ইটভাটায় নেয়া হচ্ছিল। ফলে গাড়ি থেকে মাটি সড়কে পড়ে জনদুর্ভাগে সৃষ্টি হচ্ছিল। একাধিক মানুষের অভিযোগের প্রেক্ষিতে অভিযান পরিচালনা করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত বসানো হয়। ভ্রাম্যমাণ আদালতে ট্রলি চালক তার দোষ স্বীকার করে। এসময় তাকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।




# গাংনীতে ২ কেজি গাঁজাসহ ১জন আটক

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে ২ কেজি গাঁজাসহ ইন্তাজ আলী (৫৫) নামের একজনকে আটক করেছে পুলিশ সদস্যরা। আটককৃত ইন্তাজ গাংনী উপজেলার লক্ষীণারায়নপুর ধলা গ্রামের আকছেদ আলীর ছেলে। সোমবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে নিজ বাড়ি থেকে আটক করে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, ইন্তাজ আলী সীমান্ত এলাকা থেকে ২ কেজি গাঁজা নিয়ে পাঁচারের চেষ্টা করছিল। গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের একটি দল তার বাড়িতে অভিযান চালায়। এ সময় কস্টেপ দিয়ে মোড়ানো গাঁজার দুটি বান্ডিল উদ্ধার করা হয়। যার ওজন ২ কেজি। গাঁজা রাখার অপরাধে ইন্তাজকে আটক করা হয়। ইন্তাজ আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

# প্রকাশিত সংবাদের প্রতিবাদ

আমি, কে, এম সালাউদ্দিন, পরিদর্শক, বাংলাদেশ কৃষি ব্যাংক হলিধানি শাখা। আমার নামে বিভিন্ন পত্রপত্রিকা ও অনলাইনে যে সংবাদটি প্রচার করা হয়েছে তা আমার দৃষ্টিগোচর হয়েছে। একটি কুচক্রী মহলের অনৈতিক দাবি না মানায়, তারা সাংবাদিকদের কাছে আমার নামে মিথ্যা ষড়যন্ত্রমুলক তথ্য প্রদান করে, বিভ্রান্ত সৃষ্টি করছে। আমি মিথ্যা, ভিক্তিহীন, ষড়যন্ত্র মুলক সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। আমি আশা করবো সম্মানিত সাংবাদিকরা আমার বিরুদ্ধে এই ধরনের সংবাদ প্রচার না করে প্রকৃত সত্যটা প্রচার করবেন।

# মহাকাশ স্টেশনে পৌঁছেছেন প্রথম সৌদি নারী নভোচারী



**আন্তর্জাতিক ডেস্ক :** আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পৌঁছেছেন সৌদি আরবের প্রথম নারী নভোচারী রায়ানাহ বার্নাবি। গত রোববার নাসার কেনেডি স্পেস সেন্টার থেকে তিনিসহ চারজন ইলন মাস্কের মালিকানাধীন বেসরকারি প্রতিষ্ঠান স্পেস এক্সের একটি রকেটে রওনা করেন। গত সোমবার ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এক প্রতিবেদনে জানায়, কক্ষপথে পৌঁছে রায়ানাহ বলেন, "হ্যালো! আমি মহাকাশ থেকে বলছি। ক্যাপসুলে বসে পৃথিবী দেখার অনুভূতি অতুলনীয়।"সৌদি সরকারের পৃষ্ঠপোষকতায় এই অভিযান পরিচালিত হচ্ছে। এর আগে রায়ানাহ জানান, প্রথম সৌদি নারী নভোচারী হিসেবে মহাকাশে যেতে পেরে তিনি অত্যন্ত আনন্দিত ও সম্মানিত। মহাকাশ স্টেশনে এক সপ্তাহের কিছু বেশি সময় কাটিয়ে ফ্লোরিডার উপকূলের কাছাকাছি কোনো এক জায়গায় তারা অবতরণ করবেন বলে জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম স্কাই নিউজ। কয়েক দশকের মধ্যে সৌদি আরবের প্রথম নভোচারী হিসেবে এই যাত্রায় অংশ নেন "স্টেম সেল" গবেষক রায়ানাহ বার্নাবি ও "রয়াল সৌদি এয়ার ফোর্স"র ফাইটার পাইলট আলি আল কার্নি। যাত্রা শুরুর আগে বলেন রায়ানাহ বার্নাবি বলেন, "সবার জন্য এটি একটি স্বপ্ন সত্যি হওয়ার মুহূর্ত। আমি শুধু বুঝতে পেরেছি যে এটা সম্ভব। আমি ও আলি এটা করতে পারলে অন্যরাও পারবেন।" এই মহাকাশযাত্রার আয়োজক হিউস্টনভিত্তিক কোম্পানি "এক্সিওম স্পেস"। আর যাত্রা দলটির নেতৃত্ব দিচ্ছেন নাসার সাবেক নভোচারী পেগি হুইটসন। মহাকাশে সবচেয়ে বেশি সময় (৬৬৫ দিন ও এখন চলমান) কাটানো মার্কিন নভোচারীর রেকর্ড এখনো হুইটসনের দখলে। এই যাত্রা দলের আরেক সদস্য হলেন মার্কিন ব্যবসায়ী জন শফনার, যিনি একটি "স্পোর্টস কার রেসিং" দলেরও মালিক। কোম্পানি এই মহাকাশযাত্রার টিকেটের দাম প্রকাশ না করলেও আগের এক উদ্ধৃতি অনুসারে, এর প্রতি সিটের ভাড়া সাড়ে পাঁচ কোটি ডলার। নাসার সর্বশেষ মূল্য তালিকায় দেখা গেছে, এই যাত্রায় প্রতি ব্যক্তির দৈনিক খাবার খরচ দুই হাজার ডলার।




# কলকাতায় ২ হাজার রুপির নোট বদলানোর হিড়িক

**আন্তর্জাতিক ডেস্ক :** সম্প্রতি দুই হাজার রুপির নোট বাজার থেকে তুলে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ভারত সরকার। দুই হাজার রুপির নোট বাতিলের এই ঘোষণা দিয়েছিলেন রিজার্ভ ব্যাংকের গভর্নর শক্তিকান্ত দাস। রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া জানিয়েছে, ৩০ সেপ্টেম্বরের পর দুই হাজার রুপির নোট সরিয়ে নেওয়া হবে। গতকাল মঙ্গলবার থেকে দেশের যে কোন ব্যাংকে গিয়ে দুই হাজার রুপির নোট জমা দেওয়া যাবে। এর বদলে অন্য রুপি নেওয়া যাবে। এর জন্য কোন ফর্ম পূরণ করতে হবে না বা কোন পরিচয়পত্রের প্রয়োজন হবে না। কিন্তু এই নোট বদলানোর বিষয়টি অনেকের কাছেই এখন বেশ ঝামেলার। এদিকে দুই হাজার রুপির নোট বদল শুরুর আগেই কলকাতায় অনেকেই পেট্রল পাম্পে গিয়ে নোট বদলানোর চেষ্টা চালাচ্ছেন। কেউ আবার দুই হাজার রুপির নোট পেট্রল পাম্পে নিয়ে গিয়ে দুই বা তিনশ রুপির তেল কিনে বাদবাকি রুপি পকেটে পুরে নিচ্ছেন। এ এক অভিনব কায়দায় নোট বদল হচ্ছে।

# ৬৮৩ কোটি ডলারের বাজেট অনুমোদন

**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্ব স্বাস্থ্য সংস্থা গত সোমবার আগামী দুই বছরের জন্য ৬৮৩ কোটি মার্কিন ডলারের প্রাথমিক বাজেট অনুমোদন করেছে। এর মধ্যে বাধ্যতামূলক সদস্যদের ফি ২০ শতাংশ বৃদ্ধি অন্তর্ভুক্ত রয়েছে। সুইসইনফোর এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, জাতিসংঘের স্বাস্থ্য সংস্থার বার্ষিক সিদ্ধান্ত গ্রহণ সভা শুরু হওয়ার পর কোর কমিটির সদস্য দেশগুলো আপত্তি ছাড়াই বাজেট অনুমোদন করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান টেড্রোস আধানম গেব্রিয়েসুস এই পদক্ষেপকে ঐতিহাসিক ও বড় মাইলফলক বলে অভিহিত করেছেন। এখন ১০ দিনের এই সম্মেলন শেষে সকল সদস্য রাষ্ট্রকে এই বাজেট অনুমোদন করতে হবে। তবে এ ক্ষেত্রে এটি মূলত একটি আনুষ্ঠানিকতা মাত্র। গত বছরের বৈঠকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার তহবিলের নাটকীয় পরিবর্তনে সম্মত হওয়ার পরে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত দেশগুলো আরও নির্ভরযোগ্য ও স্থিতিশীল অর্থায়নের প্রয়োজনীয়তার বিষয়ে একমত হয়েছে।



ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে পুনে থেকে একটি যাত্রীবাহী বাস বুলধানা জেলার মেহেকারের দিকে যাচ্ছিল। পথিমধ্যে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে সরাসরি সংঘর্ষ হলে এই হতাহতের ঘটনা ঘটে। আহতদের নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে।

# গায়ানার ছাত্রী নিবাসে অগ্নিকাণ্ডে ১৯ শিক্ষার্থীর মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** দক্ষিণ আমেরিকার দেশ গায়ানার একটি ছাত্রী নিবাসে ভয়াবহ অগ্নিকাণ্ডে ১৯ ছাত্রীর মর্মান্তিক মৃত্যু হয়েছে। সেখানে 'বিদ্বেষপ্রসূত' হয়ে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে বলে ধারণা করা হচ্ছে। আগুনের ঘটনার পর দক্ষিণ আমেরিকার এ ছোট দেশে লোকজন বিক্ষোভে ফেটে পড়ে। খবর এএফপির। খবরে বলা হয়, গত রোববারের আগুনে ১১-১২ এবং ১৬-১৭ বছর বয়সী মেয়েদের একটি ছাত্রী নিবাস পুড়ে যায়। গায়ানার পুলিশ কমিশনার ক্লিফটন হিকেন গত সোমবার বিকেলে এক সংবাদ সম্মেলনে বলেন, 'প্রাথমিক তদন্ত থেকে জানা যায় যে ছাত্রী নিবাসটিতে বিদ্বেষপূর্ণভাবে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে।' হিকেন সাংবাদিকদের বলেন, 'আমাদের তদন্ত অব্যাহত রয়েছে।' এদিকে গায়ানার প্রেসিডেন্ট মর্মান্তিক ঘটনায় দেশে তিন দিনের জাতীয় শোক ঘোষণা করেছেন। হিকেন আরও বলেন, আগুনের ঘটনায় এখন পর্যন্ত কোনো সন্দেহভাজনকে শনাক্ত করা যায়নি। তবে তিনি এএফপিকে বলেন, আগামী ৪৮ ঘণ্টার মধ্যে তিনি আরও তথ্য পাবেন বলে আশা করছেন। এদিকে দমকল বিভাগের এক বিবৃতিতে বলা হয়, আগুনে ঘটনাস্থলেই ১৪ তরুণী মারা গেছে। আর পাঁচ জন মাহদিয়া জেলা হাসপাতালে মারা যায়। এর আগে সরকার গায়ানার মধ্যাঞ্চলীয় মাধ্যমিক বিদ্যালয়ে আগুনে ২০ জন মারা যাওয়ার কথা বলেছিল। ফায়ার ব্রিগেড জানায়, আগুনে দগ্ধদের মধ্যে দুই শিশুর অবস্থা আশঙ্কাজনক। এ ছাড়া আরও চারজনকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

# ইউক্রেনীয় পাইলটদের এফ-১৬ ওড়ানোর প্রশিক্ষণ শুরু : ইইউ

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনীয় পাইলটদের এফ-১৬ যুদ্ধবিমান ওড়ানোর প্রশিক্ষণ পোল্যান্ডে শুরু হয়েছে। ইইউ পররাষ্ট্র নীতির প্রধান জোসেপ বোরেল মঙ্গলবার এ কথা বলেছেন। যুক্তরাষ্ট্র অনুমতি দেওয়ার পর এ পদক্ষেপ নেওয়া হলো। ব্রাসেলসে ইইউ প্রতিরক্ষা মন্ত্রীদের এক বৈঠকে বোরেল বলেন, 'অবশেষে বেশ কয়েকটি দেশে এফ-১৬-এর পাইলটদের প্রশিক্ষণ শুরু হয়েছে বলে আমি খুশি। এতে সময় লাগবে, তবে যত তাড়াতাড়ি তত ভালো।' প্রশিক্ষণ কোথা থেকে শুরু হয়েছে জানতে চাইলে বোরেল বলেন, 'উদাহরণস্বরূপ পোল্যান্ডে।' অন্যদিকে নাম প্রকাশ না করার শর্তে একজন ইউরোপীয় কূটনীতিক এএফপিকে নিশ্চিত করেছেন, পোল্যান্ডে প্রশিক্ষণ শুরু হয়েছে। তবে ওয়ারশ প্রতিরক্ষা মন্ত্রণালয় মন্তব্য করতে অস্বীকার করেছে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন গত সপ্তাহে কিয়েভের পাইলটদের আমেরিকান তৈরি যুদ্ধবিমানগুলো ব্যবহারের প্রশিক্ষণ দেওয়ার অনুমতি দেওয়ার পর এই পদক্ষেপ নেওয়া হলো। ইউক্রেন বলেছে, এতে রাশিয়ার আক্রমণের বিরুদ্ধে লড়াই করতে তাদের সুবিধা হবে।

# পাকিস্তানে জ্বালানি কেন্দ্রে জঙ্গি হামলায় নিহত ৬

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানে জ্বালানি কেন্দ্রে জঙ্গি হামলায় ছয়জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে চারজন পুলিশ ও দুজন বেসরকারি গার্ড রয়েছে।

গতকাল মঙ্গলবার উত্তর-পশ্চিম পাকিস্তানে এ ঘটনা ঘটে। খবর রয়টার্সের।

পুলিশ কর্মকর্তা ইরফান খানের উদ্ধৃতি দিয়ে রয়টার্স জানায়, আফগানিস্তান সীমান্তের হাঙ্গু জেলায় এমওএল পাকিস্তানি তেল ও গ্যাস কোম্পানিতে ৫০ জন জঙ্গি হামলা চালায়। এতে ছয়জন নিহত হয়েছেন। তবে এখন পর্যন্ত কোনো দল হামলার দায় স্বীকার করেনি।

## বিনোদন



# খেতে ভালোবাসেন প্রিয়াঙ্কা চোপড়া

**বিনোদন ডেস্ক :** বলিউডের পর হলিউডেও যশ কামিয়েছেন প্রিয়াঙ্কা চোপড়া। সংসার ও মা হিসেবেও দারুণ সফল তিনি। যুক্ত থাকেন সামাজিক-সেবামূলক কাজেও। ভালোবাসেন খেতে। তবে রান্না পারেন না তিনি। এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ভারতের সংবাদমাধ্যম দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস। সম্প্রতি এক টিভি অনুষ্ঠানে হাজির হয়ে কথা বলেন প্রিয়াঙ্কা। সেখানে তিনি জানান, খেতে ভালোবাসলেও সেই খাবার বানাতে সিদ্ধহস্ত নন তিনি। কারণ বাবার উৎসাহে তিনি রান্না শেখেননি। প্রিয়াঙ্কা বলেন, "আমি সব ধরনের খাবার খেতে পছন্দ করি। কিন্তু সেটা তৈরি করতে মোটেও দক্ষ নই। রান্নাশিল্প আমাকে স্যুট করে না। সেজন্য এটাকে দূরেই রাখি।" কিন্তু কেন রান্না শেখেননি প্রিয়াঙ্কা? দিয়েছেন সেই ব্যাখ্যাও। বলেন, পারিবারিক ও সামাজিক নিয়মে উপমহাদেশের নারীরা ছোটবেলা থেকেই রান্না শেখে। তবে এখন সেই ধারণা বদলাচ্ছে। নারীরা ঘরের বাইরেও কাজ করছেন। সেই ধারণা থেকেই বাবা অশোক চোপড়া তার মেয়েকে রান্নাঘর থেকে দূরে রেখেছিলেন। প্রিয়াঙ্কা বলেন, "আমার বাবা একটি রক্ষণশীল পরিবারে বড় হয়েছেন। দেখেছেন কীভাবে নারীদের এটা বোঝানো হতো যে, রান্নাঘরে থাকাই তাদের কাজ। এটা একটা সামাজিক চাপ ছিল। তিনি চাননি, আমিও এভাবে বেড়ে উঠি। এজন্য আমাকে রান্নায় নিরুৎসাহিত করতেন। বলতেন, 'রান্নাঘরে কী করছো? বেরিয়ে আসো। ফলে রান্নাটা আমি কখনও শিখিনি।"প্রিয়াঙ্কাকে সর্বশেষ দেখা গেছে হলিউড সিরিজ "সিটাডেল" ও সিনেমা "লাভ এগেইন"-এ। এর মধ্যে সিরিজটি গত এপ্রিলে এবং ছবিটি মুক্তি পায় ৫ মে। বর্তমানে তার হাতে রয়েছে "হেডস অব স্টেট" নামে আরেকটি হলিউড ছবি। এ ছাড়া বলিউডে তাকে দেখা যাবে "জি লে জারা" সিনেমায়।

# উস্তাদ জামসেদ হয়ে আসছেন নাসির

**বিনোদন ডেস্ক :** মাহফুজ আহমেদের মনা চরিত্রের পর এবার প্রকাশিত হল 'প্রহেলিকা' সিনেমার অন্যতম প্রধান চরিত্র জামশেদের ক্যারেক্টার লুক পোস্টার। চরিত্রটিতে অভিনয় করেছেন বর্তমান সময়ের আলোচিত অভিনেতা নাসির উদ্দিন খান। প্রকাশিত পোস্টারে তানপুরা হাতে সঙ্গীতে মগ্ন ভিন্ন এক নাসিরকেই দেখা গেলো। পোস্টারের আবহে খাঁচায় বন্দী কারো আবছায়া ছবি আর লাল রঙে লেখা 'ওস্তাদ ওস্তাদই' জানান দিচ্ছে প্রহেলিকাতে তার এই চরিত্রের বৈচিত্র্য। প্রহেলিকায় উস্তাদ জামসেদ ভালো মানুষ নাকি এই ভালোর পেছনে রয়েছে অন্য গল্প? গান ছাড়াও কি প্রহেলিকায় তিনি অন্য ওস্তাদি দেখাবেন? এসব প্রশ্নের উত্তর জানতে দর্শকদের আসন্ন কোরবানি ঈদে হলে গিয়েই প্রহেলিকা দেখার আগাম আমন্ত্রণ জানালেন প্রহেলিকার পরিচালক চয়নিকা চৌধুরী। তিনি বলেন, 'প্রহেলিকার গল্প দেখে মুগ্ধ হবেন। আরও মুগ্ধ হবেন চরিত্রগুলোর অভিনয় দেখে।' অভিনেতা নাসির উদ্দিন বলেন, 'এ চরিত্রে অভিনয় করতে গিয়ে আমার নতুন কিছু অভিজ্ঞতা হয়েছে। এক প্রাণস্পর্শী গল্পের অন্যতম শক্তিশালী চরিত্র এই জামশেদ। এ চরিত্রের আনন্দ বেদনায় আমাকে ডুবে গিয়ে অভিনয় করতে হয়েছে। এ চরিত্রের সাথে অন্য চরিত্রগুলোর সম্পর্কের টানা পোড়েন আমাকে অন্য জগতে নিয়ে গিয়েছিলো। আমার দর্শক আমাকে এই চরিত্রে এক অন্য আলোয় খুঁজে পাবেন।' রঙ্গন মিউজিক প্রযোজিত 'প্রহেলিকা' চয়নিকা চৌধুরীর দ্বিতীয় চলচ্চিত্র। এটির কাহিনি, চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন পান্থ শাহ-রিয়ার। প্রযোজনা করেছেন জামাল হোসেন। আসন্ন ঈদুল আজহায় মুক্তি পাবে সিনেমাটি। এতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন মাহফুজ আহমেদ, বুবলী, নাসির উদ্দিন খান, রাশেদ মামুন অপু, এ কে আজাদ সেতু, রহমত উল্লাহ, সাবিহা জামান প্রমুখ।






# কপিলা হয়ে আসছেন মানসী

**বিনোদন ডেস্ক :** জনপ্রিয় ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায় রচিত কালজয়ী উপন্যাস 'পদ্মা নদীর মাঝি'। এ উপন্যাস অবলম্বনে নির্মিত হয়েছে সিনেমা ও নাটক। জেলে জীবনের সুখ-দুঃখের নিখুঁত রূপায়ণ 'পদ্মা নদীর মাঝি'। এ উপন্যাসের কুবের ও কপিলা চরিত্র দুটি এখনো মানুষের হৃদয়ে গেঁথে আছে। সেই উপন্যাস অবলম্বনে একই নামে সিনেমা নির্মাণ করেন গৌতম ঘোষ। ১৯৯৩ সালে বাংলাদেশ এবং ভারতে যৌথভাবে এটি নির্মিত হয়। এতে অভিনয় করেন রাইসুল ইসলাম আসাদ, চম্পা, রূপা গঙ্গোপাধ্যায়, উৎপল দত্ত প্রমুখ। এ সিনেমায় কপিলা চরিত্রে কলকাতার রূপা গঙ্গোপাধ্যায় ব্যাপক প্রশংসিত হন। 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসের অনুপ্রেরণায় তরুণ নির্মাতা তারিক মুহাম্মদ হাসান নির্মাণ করছেন টেলিছবি 'কুবের মাঝি'। এতে কপিলা চরিত্রে অভিনয় করছেন সময়ের জনপ্রিয় অভিনেত্রী মানসী প্রকৃতি। সম্প্রতি ভোলার বিভিন্ন লোকেশনে টেলিছবিটির প্রথম ধাপের তিন দিনের চিত্রায়ণ হয়েছে। অচিরেই দ্বিতীয় ধাপের চিত্রায়ণ শুরু হবে। আসছে ঈদে টেলিছবিটি বৈশাখী টিভিতে প্রচার হবে বলে জানিয়েছেন এর নির্মাতা। কপিলা চরিত্র প্রসঙ্গে প্রকৃতি বলেন, উপন্যাসটি আমার খুব পছন্দের। এ উপন্যাস পড়ার পর গল্পের প্রতি একটা টান ছিল। যখন জানতে পারি আমি কপিলা চরিত্রে অভিনয় করছি আরও এক্সাইটেড ছিলাম।

# সংসার যুদ্ধের নতুন গল্পে অপূর্ব

**বিনোদন ডেস্ক :** গল্পটা একটি নিম্ন-মধ্যবিত্ত পরিবারের। যে ঘরের মূল আয় একটি রেস্তোরাঁ ঘিরে। সংসারে বাবা-মা আর তিন ভাই বোন। হঠাৎ বাবার মৃত্যুর পর সব যেন এলোমেলো হয়ে যায়। কী করবে এখন অসহায় তিন ভাই-বোন? এমন প্রশ্নের উত্তর মিলবে আবেগী গল্পে সাজানো নাটক 'কাছের মানুষ'-এ। ইমরাউল রাফাতের চিত্রনাট্য ও নির্দেশনায় এর প্রধান তিন চরিত্রে অভিনয় করেছেন জিয়াউল ফারুক অপূর্ব, তৌসিফ মাহবুব ও তানিয়া বৃষ্টি।

আরও আছেন মনিরা মিঠু ও শরাফ আহমেদ জীবন। সিএমভি'র ব্যানারে নির্মিত এই নাটকটি সম্পর্কে নির্মা জানান, প্রেমের চিরাচরিত গল্পের বাইরে কিছু করার চেষ্টা করেছেন তিনি। যেখানে একটি সাধারণ পারিবারের অসাধারণ গল্প তুলে ধরার চেষ্টা করেছে। যে গল্পের মাধ্যমে মূলত উঠে আসবে চিরাচরিত বাংলার প্রতিচ্ছবি। প্রযোজক এসকে সাহেদ আলী জানান, শিগগিরই 'কাছের মানুষ' উন্মুক্ত হবে সিএমভি'র ইউটিউব চ্যানেলে।



# বাথরুম থেকে উদ্ধার অভিনেতার মরদেহ

**বিনোদন ডেস্ক :** বাথরুম থেকে উদ্ধার হলো অভিনেতা, মডেল এবং কাস্টিং কো-অর্ডিনেটর আদিত্য সিং রাজপুতের মরদেহ। গত সোমবার বিকালে অভিনেতার আন্ধেরির অ্যাপার্টমেন্টের বাথরুম থেকে উদ্ধার করা হয় তাকে। এরপর তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। আদিত্য সিং রাজপুত মুম্বাইয়ের একজন জনপ্রিয় অভিনেতা, মডেল এবং কাস্টিং কো-অর্ডিনেটর ছিলেন। আন্ধেরির ১১ তলার যে হাইরাইজ বিল্ডিংয়ে তিনি থাকতেন তারই বাথরুম থেকে উদ্ধার হয়েছে তার দেহ। এ সময় তার এক বন্ধু তাকে ওই অবস্থায় দেখতে পায় এবং সেই বন্ধু বিল্ডিংয়ের প্রহরীদের সাহায্য নিয়ে আদিত্যকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা জানিয়ে দেন তিনি মৃত। সূত্রের মতে, ড্রাগসের ওভারডোজের কারণেই খুব সম্ভবত এমনটা হয়েছে। আদিত্য সিং রাজপুত একজন মডেল এবং অভিনেতা হিসাবে কাজ শুরু করেছিলেন, এমনকি তার হাত ধরে বহু নতুন মুখ এসেছে বলিউড ইন্ডাস্ট্রিতে। একাধিক অভিনেতার সঙ্গে বহু ব্র্যান্ডের হয়েও কাজ করেছেন। তাইতো তার মৃত্যুতে এখন ইন্ডাস্ট্রিতে শোকের ছায়া বইছে। দিল্লীর বাসিন্দা আদিত্য ভাগ্য ফেরাতে এসেছিলেন মুম্বাইতে।